



বাংলা সংস্কৃতির অন্যতম শ্রেষ্ঠ ঐতিহ্য পয়লা বৈশাখ। পয়লা বৈশাখের দিন ভালোবাসা ও সম্প্রীতির বার্তা দিতে দোড়গোড়ায় হাজির মঙ্গল শোভাযাত্রা। ...বিস্তারিত পাতা ৩



বাড়িতে বসেই লোকসভা নির্বাচনের ভোট দিলেন বিশেষ চাহিদা সম্পন্ন ভোটাররা। বুধবার রাজগঞ্জে দুজন বিশেষ চাহিদা সম্পন্ন ভোটার ভোটদান করেন। ...বিস্তারিত পাতা ৫



আচার্যের নির্দেশ মতো ‘সিল’ হচ্ছে না সৌভদঙ্গ বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের ঘর। ভাট্যাল বৈঠকে এমনই সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয়ের এক্সিকিউটিভ কাউন্সিল। ...বিস্তারিত পাতা ৭



১৬ এপ্রিল বোর্ডের ডাকা আইপিএলের বৈঠক স্থগিত হয়ে গিয়েছে। বিসিআইই ইতিমধ্যেই দশ দলের ফ্রাঞ্চাইজিকে চিঠি দিয়ে এই বিষয়টি জানিয়ে দিয়েছে। ...বিস্তারিত পাতা ৮

কোনও পদক্ষেপ করবে না পুলিশ, ভূপতিনগর মামলায় রক্ষাকবচ পেল এনআইএ

দুরন্ত বার্তা, কলকাতা, ১০ এপ্রিলঃ ভূপতিনগর মামলায় অবশেষে স্থগিত পেল কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা এনআইএ। অফিসারদের বিরুদ্ধে কোনও পদক্ষেপ করা যাবে না বলে নির্দেশ দিল কলকাতা হাইকোর্ট। বুধবার বিচারপতি জয় সেনগুপ্তের বৈশেষ ছিল মামলার শুনানি। সেখানেই এনআইএ-কে রক্ষাকবচ দেওয়া হয়েছে। হাইকোর্ট নির্দেশ দিয়েছে, এনআইএ অধিকারিকদের বিরুদ্ধে কোনও পদক্ষেপ করা যাবে না। অধিকারিকদের জিজ্ঞাসাবাদ করলেও ভিডিওগ্রাফি করতে হবে। তিন মাস আগে সন্দেহখালিতে গিয়ে আক্রমণের মুখে পড়েছিল এনকোর্পোশন্ট ডিরেক্টরেট। আর গত শনিবার ভূপতিনগরে গিয়ে হামলার মুখে পড়েছে এনআইএ। দুই অভিযুক্তকে গ্রেফতার করার সময় তাদের ওপর হামলা হয় বলে অভিযোগ। এক এনআইএ অফিসার আত্মত হন বলেও অভিযোগ জানায় এনআইএ। আর এই ঘটনার অববহিষে পাইই অভিযোগ সামনে আনেন ধৃত মনোজ্ঞর জনার স্ত্রী। তিনি দাবি করেন, জোরালো তাঁর বাড়িতে আচমকা প্রবেশ করে মারধর করা হয়, তাঁর স্বামীকে গ্রেফতার করা হয়। ভূপতিনগর থানায় একাধিক ধারায় মামলা হয় এনআইএ অফিসারদের বিরুদ্ধে। সেই মামলার সূত্র ধরে অফিসারদের তলব করেছে পুলিশ। তাঁদের বিরুদ্ধে যাতে কড়া পদক্ষেপ না করা হয়, সেই আর্জি জানিয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছে এনআইএ। বুধবার বিচারপতি নির্দেশ দেন, অফিসারদের বিরুদ্ধে কোনও কড়া পদক্ষেপ করা যাবে না। ফলে ভূপতিনগর মামলায় আপাতত স্থগিত হয়েছে কেন্দ্রীয় সংস্থা। উল্লেখ্য, বুধবারই রাজ্যে এসে ভূপতিনগর-কাণ্ড নিয়ে মুখ খুলেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। তিনি বলেছেন, অভিযুক্তদের বাঁচাতেই অফিসারদের ওপর মামলা করা হচ্ছে।

অরূপ বিশ্বাসের মাধ্যমে পাহাড়ের নিয়োগ দুর্নীতির টাকা কলকাতায় এসেছে। শুভেন্দু

দুরন্ত বার্তা, কলকাতা, ১০ এপ্রিলঃ পাহাড়ের নিয়োগ দুর্নীতির টাকার একাংশ অরূপ বিশ্বাসের মাধ্যমে কলকাতায় পৌঁছেছে। বুধবার বাগবাজারে উড়ে যাওয়ার আগে দমন্দ বিমানবন্দরে এমনই দাবি করলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। নাম করলেন, স্ত্রী তথা বারাকপুরের ভূপমূলপ্রাণী পার্থ ভৌমিকেরও। শুভেন্দু বলেন, “পাহাড়ে ৪০০-র বেশি পদে যে নিয়োগ হয়েছে সেখানে স্কুল সার্ভিস কমিশনের নিয়ম না মেনে জিটিএ থেকে নিয়োগ করেছে। সরকারি নিয়োগ প্রক্রিয়ার নিয়ম ওখানে মানা হয়নি। এর সঙ্গে সরাসরি টাকা নিয়োগ কলকাতায় পৌঁছেছে।” মঙ্গলবারই পাহাড়ের নিয়োগ দুর্নীতির তদন্তে উদ্বার রহস্যজনক চিঠির ব্যাপারে সিরিআইকে অনুসন্ধানের নির্দেশ দেয় কলকাতা হাইকোর্ট। বিচারপতি বিষ্ণুজিৎ বসু ১৫ দিনের মধ্যে তদন্ত শেষ করে সিরিআইকে রিপোর্ট দিতে বলেন। পাণ্ডুরের স্কুল ও পুরসভায় প্রায় ৭০০ জনের বেসামান্য নিয়োগ হয়েছে বলে অভিযোগ ওঠে। এই মামলাটির তদন্তের তার সিআইজিকে দিয়েছিল আদালত। কিন্তু মঙ্গলবার বিচারপতি বসু নিয়োগ সংক্রান্ত সমস্ত নথি আদালতে জমা দিতে বলেন। জমা দিতে বলেন নিয়োগ পাওয়া ব্যক্তিরদের শিক্ষাগত যোগ্যতার নথিও। কয়েক মাস আগে কলকাতা হাইকোর্টে একটি বেনামি চিঠি জমা দেয় সিআইজি। সেই চিঠিতে বেশ কয়েকজন তৃণমূল নেতার নাম রয়েছে বলে জানায় তারা।

সন্দেহখালির সব তদন্তে সিবিআই পোর্টাল খুলে অভিযোগ নেওয়ার নির্দেশ হাইকোর্টের

দুরন্ত বার্তা, কলকাতা, ১০ এপ্রিলঃ সন্দেহখালি কাণ্ডে সিবিআই তদন্তের নির্দেশ দিল কলকাতা হাইকোর্ট। সন্দেহখালিতে জমি দখল করে ভেড়ি, ধর্ষণ সহ সমস্ত অভিযোগের তদন্ত করবে সিবিআই। একইসঙ্গে নতুন ইমেল আইডি চালু করে সন্দেহখালির ঘটনা নিয়ে অভিযোগ জমা নিতে হবে, বুধবার থেকেই তদন্ত প্রক্রিয়া শুরু করার নির্দেশ উচ্চ আদালতের। সন্দেহখালি নিয়ে কলকাতা হাইকোর্টে পাঁচটি জনস্বার্থ মামলা দায়ের হয়েছে। প্রধান বিচারপতি টিএস শিবগুপ্তনাম এবং বিচারপতি হিরণ্ময় ভট্টাচার্যের ডিভিশন বৈশেষ সব মামলাগুলির একত্রে শুনানি হয়। বুধবার সেই মামলায় প্রধান বিচারপতির ডিভিশন বৈশেষ সন্দেহখালির সমস্ত অভিযোগে সিবিআই তদন্তের নির্দেশ দিয়েছে। আগেই সন্দেহখালিতে শাহজাহানের বাড়িতে তল্লাশি করতে গিয়ে হিড়ির অধিকারিকদের উপর হামলায় ঘটনায় সিবিআই তদন্তের নির্দেশ দিয়েছিল হাইকোর্ট। এবার সন্দেহখালিবাসীর বাকি সমস্ত অভিযোগের তদন্তভারও সিবিআই-এর হাতে গেলে। এদিন প্রধান বিচারপতি নির্দেশ দেন, অবিলম্বে সিবিআইর তরফে একটি পোর্টাল খুলতে হবে। সেখানেই সন্দেহখালির গ্রামবাসীরা নিজেদের অভিযোগ জানাতে পারবেন। সংশ্লিষ্ট পোর্টালে জমি দখল, জমির ধরন পরিবর্তন



করে ভেড়িতে রূপান্তরিত করা, মহিলারা ধর্ষণ সহ সমস্ত অভিযোগ জানাতে পারবেন। জেলাশাসক থেকে জেলা পুলিশ সুপার বা যে কোন ব্যক্তিকে সিবিআই তদন্তের জন্য ডাকতে পারে এবং তদন্তে সাহায্যের জন্য তাদের হাজিরা দিতে হবে, এই নির্দেশ দিয়েছেন প্রধান বিচারপতি। ডিভিশন বৈশেষের পর্যবেক্ষণ, ন্যায়বিচারের

স্বার্থে সন্দেহখালির ঘটনায় যে নিরপেক্ষ তদন্ত প্রয়োজন, সে বিষয়ে আদালতের কোনও সন্দেহ নেই। সন্দেহখালির পরিস্থিতি এমনই যা একটি স্বাধীন এবং যোগ্যতা সম্পন্ন এক্সেসিভ ছাড়া তদন্ত সম্ভব নয়। তাই সার্বিক পরিস্থিতি বিচার করে আদালত সিদ্ধান্ত নিয়েছে, সন্দেহখালির মানুষের অভিযোগের প্রেক্ষিতে তদন্ত শুরু

করবে সিবিআই। আদালতের নজরদারিতে গোটা তদন্ত প্রক্রিয়া চলবে। বুধবার হাইকোর্ট স্পষ্ট জানিয়ে দিয়েছে, সন্দেহখালিতে জোর করে জমি দখল এবং মহিলাদের বিরুদ্ধে যে অপরাধের ঘটনা ঘটেছে সিবিআই-কে তার যথাযথ তদন্ত করতে হবে। ১৫ দিনের মধ্যে আদালতে রিপোর্ট জমা দেবেন তদন্তকারীরা।

অভিজ্ঞতা থেকে ‘শিক্ষা’ নিয়ে প্রথম দফায় নিশীথের গড়েই সবথেকে বেশি কেন্দ্রীয় বাহিনী!

দুরন্ত বার্তা, কলকাতা, ১০ এপ্রিলঃ ১৯ এপ্রিল লোকসভা নির্বাচনের প্রথম দফা। নির্দান হবে জলপাইগুড়ি, আলিপুরদুয়ার, কোচবিহারে। প্রথম থেকে বাংলার প্রতিটি বুথেই অর্থাৎ মোট ৮-০ হাজার ৫৬০ বুথে কেন্দ্রীয় বাহিনী দিয়ে ভোট কার্যক্রমের কথা ঘোষণা করেছিলেন নির্দান কমিশনের মুখ্য অধিকারিক রাজীব কুমার। বাংলায় প্রথমেই ১৭৭ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী পাঠানো হয়েছিল। এরপর আরও ১০০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী পাঠানো হচ্ছে। প্রথম দফায় কোথায় কত বাহিনী মোতায়েন করা হবে, তার তালিকা প্রকাশ করল নির্দান কমিশন। কোচবিহারে সবচেয়ে বেশি বাহিনী মোতায়েন করছে কমিশন। ১১২ কোম্পানি বাহিনী মোতায়েন থাকবে কোচবিহারে। আলিপুরদুয়ার ৬৩ কোম্পানি, জলপাইগুড়িতে ৭৫ কোম্পানি, শিলিগুড়িতে ১৩ কোম্পানি বাহিনী থাকবে। প্রথম দফায় এত পরিমাণ কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করার ক্ষেত্রে নির্দান কমিশনের যুক্তি, রাজ্যের একশো শতাংশ বুথকেই স্পর্শকাতর হিসাবে গণ্য করে কেন্দ্রীয় বাহিনী দিয়ে ভোট করতে চাইছে কমিশন। সূর্য ও অবাধ নির্দানেই লক্ষ্য। এবারের লোকসভা নির্বাচনে মোট ৯২০ কোম্পানি বাহিনী দিয়ে ভোট করতে চাইছে কমিশন। বিশেষজ্ঞরাই বলছেন, সেই সংখ্যা আরও বাড়তে পারে প্রয়োজন বোধে। প্রথম দফায় বেশি পরিমাণ বাহিনী মোতায়েন নিয়ে একটা সংশয় তৈরি হয়েছিল। কিন্তু সেক্ষেত্রে সমস্যা মোটোতে ভিন্ন রাজ্য থেকে সমস্ত পুলিশ এনে কেন্দ্রীয় বাহিনী হিসাবে গণ্য করা হত। যদিও বাহিনীর ব্যবস্থা করা সম্ভব হয়েছে। এরপর দফা যত এগোবে, সমস্যা কমবে। কারণ ভোট এগোতে থাকলে, বাহিনীও মোতায়েন করা সহজ হতে থাকবে। প্রথম দফাতে কোচবিহারে সব থেকে বেশি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হচ্ছে। কারণ গত পঞ্চায়েতে নির্দানে কোচবিহারেই ফলিমারিতে বুথের মধ্যে ঢুকে বিজেপি এজেন্টকে বোমা ছুড়ে খুনের অভিযোগ উঠেছিল। এই কোচবিহারেই এবার শীতলুকুটি বিধানসভা কেন্দ্র। গত একুশের নির্বাচনে সেখানেও রক্ত ঝরে। কোচবিহারে রয়েছে সাতটি বিধানসভা কেন্দ্র। প্রতিটি কেন্দ্রকে স্পর্শকাতর হিসাবে গণ্য করছে নির্দান কমিশন।

সিপিএমকে খোঁচা দিয়ে নওসাদের দাবি, ৩০০ কোটি টাকা রোজগার করতে পারতাম!



দুরন্ত বার্তা, কলকাতা, ১০ এপ্রিলঃ লোকসভায় জেটি না হওয়ার জন্য আগেই সিপিএমকে দায়ী করেছিলেন অইএসএফ বিধায়ক নওসাদ সিদ্দিকী। এবার সংবাদমাধ্যমে সাক্ষাৎকার দিতে গিয়ে সিপিএমের প্রতি আক্রমণের সুর আরও চড়ালেন নওসাদ। ভাঙড়ের বিধায়ক নওসাদ সিদ্দিকীর কথায়, “দিনে বাম, রাতে আসএসএস-সিপিএমের মতো পলিটিক্স আমরা করি না। চেয়েছিলাম, জেটি করতে, কিন্তু সিপিএমের জন্যই সময় নষ্ট হল।” জেটি না হওয়ার জন্য অইএসএফকেই দুয়েছিল সিপিএম। দলের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম অভিযোগ করেছিলেন, নওসাদ অনেক হাতে তামাক খাচ্ছেন। অর্থাৎ সিপিএম বোঝাতে চেয়েছেন, নওসাদবা পরিকল্পনাতর্ভাবেই আসন সমঝোতা ভেঙে দিয়েছেন। এরপরই সোশ্যাল মাধ্যমে নওসাদের বিরুদ্ধে আর্থিক সাহায্য নেওয়ার অভিযোগ ভাইরাল হয়। এ ব্যাপারে নওসাদের বক্তব্য, “আমার নজরেও এসেছে আর্থিক সাহায্যের বিষয়টি। এক জায়গায় বলা হয়েছে ৪০ লাখ টাকা, আর এক জায়গায় ৬২ কোটি টাকা এবং এক জায়গায় ৫০ কোটি টাকা! আসলে যার যেমন রুচি সে তেমন বলবে!” মন্ত্রিপ্তের অফার ছিল। আর এই রাজ্য সরকারের আমলে এমন কেউ নেই এবার শীতলুকুটি ছাড়া কাজ করেছে। টাকা রোজগার যদি আমরা মূল লক্ষ্য হত তাহলে অনায়াসে মন্ত্রিপ্তের অফার নিতে পারতাম। সহজেই সংখ্যালঘু দফতরটা তো পেতাম। ৫ হাজার কোটি টাকার প্রজেক্ট আছে। আগেরবারে তো এরা দেড় হাজার কোটি টাকার খরচ করেছে। আমি দায়িত্ব নিলে ৬ হাজার কোটি টাকার কাজ করতাম। তার ১০ শতাংশ কত হয়? অন্যায়ে ৬০০ কোটি টাকা পকেটে চলে আসত! কেউ ধরতেই পারতো না।” নওসাদের এমন মন্তব্য প্রকাশ্যে আসতেই কড়া প্রতিক্রিয়া জানিয়েছে সিপিএম। সিপিএম নেতা সুজন চক্রবর্তী বলেন, “সব কথার জবাব দিতে নেই। নওসাদ নিজেই নিজের মনে সুপ্তি ইচ্ছার কথা বলেছেন!”

উল্টো ঝুলিয়ে সোজা করে দেব!

দুরন্ত বার্তা, বালুরঘাট, ১০ এপ্রিলঃ বাংলায় ভোট প্রচারে এসে সন্দেহখালি নিয়ে তো বক্তব্য রেখেছেনই, ভূপতিনগরের ঘটনা নিয়েও রাজ্যের শাসক শিবিরকে তুলেধাড়া করেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা এনআইএ-এর ওপর হামলার ঘটনায় সরাসরি মমতা বন্দ্যোপাধ্যায়কে নিশানা করেন তিনি। দাবি করেন, রাজ্যের মুখ্যমন্ত্রী তাদের বাঁচানোর চেষ্টা করছেন যারা বোমা বাঁধছে, মানুষ মারছে। ভূপতিনগরের ঘটনা নিয়ে এই মুহূর্তে রাজ্যে তোলপাড় চলছে। বিষয়টি গড়িয়েছে কলকাতা হাইকোর্টে। মামলার তদন্তভার এনআইএ পাওয়ার পর এলাকার গিয়ে তাদের হামলার শিকার হতে হয়। এই প্রসঙ্গেই অমিত শাহ বুধবার বলেন, “যারা বোমা বেঁধে বিস্ফোরণ করছে, এনআইএ-এর ওপর হামলা করছে, তাদের বাঁচানোর চেষ্টা করছেন মমতা বন্দ্যোপাধ্যায়। লজ্জা হওয়া উচিত।” সভায় যারা এসেছিলেন তাদের আশুপ্ত করে শাহ বলেন, “আপনার কেউ চিন্তা করবেন না। হাইকোর্ট এনআইএ তদন্তের নির্দেশ দিয়েছে। সবাইকে উল্টো ঝুলিয়ে সোজা করে দেওয়া হবে।” শাহের ভাষণের বেশিরভাগ অংশ জুড়েই আক্রমণের নিশানাই ছিলেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁর অভিযোগ, সন্দেহখালির মতো লজ্জাজনক ঘটনা নিয়েও মমতা বন্দ্যোপাধ্যায় রাজনীতি করছেন। এছাড়া সিএএ নিয়েও যে তিনি

এনআইএ-র উপর হামলা নিয়ে বললেন শাহ



সাধারণ মানুষকে ভুল বোঝাচ্ছেন এবং সেটাও ভোটারের জন্য, এমন দাবি করেছেন শাহ। সিএএ সম্পর্কে এদিন অমিত শাহ বলেন, “আমরা আইন কার্যকর করছি। আর মমতা দিদি বাংলার মানুষকে ভুল বোঝাচ্ছেন। বলছেন, আবেদন করলে নাগরিকত্বই চলে যাবে। আরে নাগরিকত্বই তো নেই। আপনি কী জানেন?” সাধারণ মানুষের উদ্দেশে শাহ বলেন, “যত শরণার্থী আছেন, আবেদন করুন। কারও বিরুদ্ধে কোনও মামলা হবে না।

অধিকার।” এই প্রেক্ষিতেই বালুরঘাটের বুনিয়াদপুরের সভা থেকে মমতা বন্দ্যোপাধ্যায়ের নাম নিয়ে তিনি আমজনতার কাছে আর্জি জানান, “এত রাগে বোতাম টিপবেন যেন কলকাতায় মমতা দিদির গায়ে কারেন্ট লাগে।” এর আগে রাজ্যে এসে লোকসভা ভোটে ৩৫ আসন জয় করার লক্ষ্য স্থির করে দিয়েছিলেন অমিত শাহ। বুধবার সভা থেকে তিনি বলেছেন, ৩০ আসন পেতে হবে বাংলা থেকে। তিনি বলেন, “২০১৯-এ বাংলায় এসেছিলাম, আপনারা আমাদের ১৮টি সিট দিয়েছিলেন। ফলে ৩০০-র বেশি আসনে জিতেছিলেন মোদি। এবার ১৮টা থেকে বাড়িয়ে ৩০টির বেশি আসন পেতে হবে এবং আমাদের ৩৭০ পেরোতে হবে।” এই লক্ষ্যমাত্রা নিয়ে প্রশ্ন তুলেছেন তৃণমূল। আসন সংখ্যা কমে যাচ্ছে কেন, তা নিয়েই প্রশ্ন তুলেছে তৃণমূল। তৃণমূল নেতা কৃপাল ঘোষ বলেন, “২০২১-এ বলেছিলেন ২০০ পার। আপনার হিসেব মেলেনি। তৃণমূল তো বিজেপিকে হারিয়ে দিয়েছিল। প্রথমে ৭৭ পেয়েছিল, এখন সেটা ঝুঁজলে ৬০টিও পাওয়া যাবে কি না সন্দেহ। এই যে মুখে বলছেন ৩০টি আসনের কথা, তাহলে ধরে নিন ৫-৬টির বেশি হবে না।” কৃপালের দাবি, অমিত শাহ বুঝে গিয়েছেন যে বাংলায় বিজেপির কিছু হবে না। হতাশ হয়েছেন। তাঁর দাবি, ২০০ বলে যিনি মেলাতে পারেন না, তিনি ৩০ বলেও মেলাতে পারবেন না।

কল্লোলিনী কলকাতায় ফিরুক নস্টালজিক ট্রাম রুট, দাবি তুলল ট্রামপ্রেমী সংগঠন

দুরন্ত বার্তা প্রতিবেদন

বিবাদী বাগ চত্বরে জুট ট্রাম পরিষেবা স্বাভাবিক করার দাবি নিয়ে মহাকরণ স্টেশন চত্বরে দীর্ঘক্ষণ বিক্ষোভ দেখালেন ট্রামপ্রেমী সংগঠনের সদস্যরা। ডালহৌসি চত্বরে মেট্রোর স্টেশন তৈরির কাজ শেষ হয়েছে বহু আগেই। আর চালু হয়েছে গঙ্গার তলা দিয়ে মেট্রো পরিষেবা। কিন্তু মেট্রোর কাজের জন্য বিবাদী বাগ থেকে বন্ধ হয়ে যাওয়া ট্রাম পুনরায় চালু হয়নি। এখান থেকে একদা চারটি রুটে ট্রাম চলেত। কিন্তু সেসব এখন স্মৃতি। এবার বন্ধ হওয়া কর্মক্ষেত্র এনিটি রুটে ট্রাম চালুর দাবি নিয়ে বিবাদী বাগে সমাবেশ করল ট্রামপ্রেমী সংগঠনের প্রতিনিধিরা। এদিকে ইস্ট-ওয়েস্ট ট্রেন্সার ডাকা হয়েছিল। কিন্তু এখন কোনও হওয়ার পর বিবাদী বাগে ট্রাম ও বাস

চাৰ্মিনাসেৰ জমি

ফিৰিয়ে দেওয়া হ'বে বলে আগে জানিয়েছিল কলকাতা মেট্রো রেল কর্পোরেশন লিমিটেড কর্তৃপক্ষ। মেট্রোর নিৰ্মাণ সম্পূৰ্ণ হ'য়েছে। মহাকৰণ স্টেশন দিয়ে ট্ৰেন যাতায়াত কৰছে। কিন্তু মাটিৰ উপৰে চাৰ্মিনাসেৰ জমি কেবলি বলে অভিযোগ। এই পৰিস্থিতিতে ট্ৰাম ও বাস পৰিষেবা ওখান থেকে শুক কৰাৰ কোনও উদ্যোগ দেখা যাচ্ছে না। ট্ৰামপ্ৰেমী সংগঠনেৰ পক্ষ থেকে জানানো হ'য়েছে, ওই এলাকা থেকে মিনি বাসস্ট্যান্ড এবং ট্ৰাম সনানোৰ জন্য পৰিবহণ দফতৰকে উদ্যোগ দেখা হ'য়েছে। এই বিষয়ে পৰিবহণ



দফতৰ পুনৰায় ট্ৰাম ফেৰানোৰ বিষয়ে আগ্ৰহ দেখাচ্ছে না। ফলে হ'ৱাচ্ছে নস্টালজিয়া। অন্যদিকে আগে বিবাদী বাগ থেকে শ্যামৰাজ্যৰ, গ্যালিক স্টিট, ৰাজবাজ্যৰ হয়ে নানা রুটে ট্ৰাম চলেত। কমবেশি সাত-আটটি

নিগম পুষ্কিৰেৰ আপত্তিৰ কথা জানিয়েছে সংগঠনেৰ সদস্যদেৰ। তাই বিবাদী বাগ থেকে ট্ৰাম চলাচল আৰাৰ চালু শেষ কটান কাজ। এখন ট্ৰাম ফেৰানোৰ দাবি জানাতে প্ৰতিবাদ শুৰু হ'য়েছে। আৰ তাৰ নেতৃত্বে আছেন কলকাতা ট্ৰাম ইউজাৰ্স অ্যাসোসিয়েশনেৰ সাধাৰণ সভাপতি দেবশিষ ভট্টাচাৰ্য। এই বিষয়ে দেবশিষ ভট্টাচাৰ্য বলেন, “ট্ৰামলাইন পাতাৰ মতো জমি বেধে দিয়েছে মেট্ৰো। পৰিবহণ দফতৰেৰ পক্ষ থেকে কোনওকম উদ্যোগ দেখা যাচ্ছে না। তাঁৰা জানান, উত্তৰ কলকাতায় ট্ৰাম চালু সম্ভব নাই।” কলকাতা শহৰে ট্ৰাম ফেৰাতে উদ্যোগ নিতে বাচ্ছে কলকাতা হাইকোর্ট। তাৰে ট্ৰাম চালু কৰলে শহৰে যানজট হ'বে। এই যুক্তি দেখাচ্ছে কলকাতা পুলিশ। তাই জট কাটছে না বলে অভিযোগ।

দেশে যারা বিনিয়োগ শেষ করতে চায়, তাঁদের পাশে দাঁড়িয়েছে ডিএমকেঃপ্রধানমন্ত্রী



কোমোন্স্‌টির, ১০ এপ্রিল : তামিলনাড়ু শাসকদল ডিএমকে-কে ফের আক্রমণ করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বুধবার তামিলনাড়ুর কোমোন্স্‌টিরের মেটুপালায়মে একটি নির্বাচনী জনসভায় প্রধানমন্ত্রী মোদি বলেছেন, যারা দেশে বিনিয়োগ শেষ করতে চায় তাদের পাশে দাঁড়িয়েছে ডিএমকে। এই লোকজন নিজেদের রাজনীতি দিয়ে তামিলনাড়ুর সবচেয়ে বেশি ক্ষতি করছে। বিজেপি সরকার তামিলনাড়ুর এই অঞ্চলে একটি ‘‘প্রতিরক্ষা করিডোর’’ তৈরি করছে। আইএনডিআই জোটের মানসিকতা নিয়ে কি কখনও ‘‘প্রতিরক্ষা করিডোর’’ তৈরি হবে?প্রধানমন্ত্রী মোদি আরও বলেছেন, কংগ্রেস যখন ক্ষমতায় ছিল, তখন কোন দল ক্ষমতায় রয়েছে তার উপর ভিত্তি করে রাজ্যগুলির সঙ্গে বৈষম্য করা হত। কিন্তু এনডিএ সরকার ‘‘সবকা সাথ, সবকা বিকাশ’’-এর দৃষ্টিভঙ্গি নিয়ে কাজ করছে। আমরা বলি বিকশিত ভারতের জন্য বিকশিত তামিলনাড়ু। তাই আমরা আমরা গত ১০ বছরে তামিলনাড়ুর উন্নয়নে লক্ষ লক্ষ কোটি টাকা। বিনিয়োগে ক রেছি।প্র ধানমন্ত্রী এদিন আইএনডিআই জোটকে আক্রমণ করে বলেছেন, আইএনডিআই জোট ভারতের শক্তিতে বিশ্বাস করে না। করোনার এত বড় মহামারী বিশ্বে এসেছে। আইএনডিআই জোটের লোকজন বলত, ভারত ভ্যাকসিন তৈরি করতে পারে না। আমরা বলেছিলাম আমরা একটি মেড ইন ইন্ডিয়া ভ্যাকসিন তৈরি করব। আর তাই করেছে, ভারত শুধুমাত্র ভ্যাকসিন তৈরিই করেনি, বিনামূল্যে প্রদান করে কোটি কোটি মানুষের জীবন বাঁচিয়েছে।

নির্বাচনী ইস্তেহার প্রকাশ সপা-র, একগুচ্ছ প্রতিশ্রুতি অখিলেশ যাদবের



লখনউ, ১০ এপ্রিল : লোকসভা নির্বাচনের জন্য নির্বাচনী ইস্তেহার প্রকাশ করল সমাজবাদী পার্টি (সপা)। বুধবার লখনউতে দলের নির্বাচনী ইস্তেহার প্রকাশ করেন অখিলেশ যাদব। নির্বাচনী ইস্তেহারে একগুচ্ছ প্রতিশ্রুতি দিয়েছেন সপা প্রধান। তিনি বলেছেন, আমরা আমাদের যোগ্যপদের নাম দিয়েছি ‘‘জনতা কা মাং পত্র - হামারা অধিকার’’।এই ইস্তেহারের প্রধান দাবিগুলি হলো- সংবিধান রক্ষার অধিকার, গণতন্ত্র রক্ষার অধিকার, গণমাধ্যমের স্বাধীনতার অধিকার এবং সামাজিক ন্যায়বিচারের অধিকার। দেশের উন্নয়নের জন্য প্রয়োজন সামাজিক ন্যায়বিচারের অধিকার। দেশে জাতিগত জনগণনা ছাড়া অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন সম্ভব নয়।সপা প্রধান অখিলেশ যাদব আরও বলেছেন, যোগ্যপাত্রেরে বলা হয়েছে- জাতিগত জনগণনা বুকেই জাতিগত নয়। আমরা ২০২৫ সালের মধ্যে একটি জাতিগত জনগণনা পরিচালনা করব, এবং তারই ভিত্তিতে, ২০২৯ সালের মধ্যে সকলের জন্য ন্যায়বিচার এবং অংশগ্রহণ নিশ্চিত করা হবে। সমস্ত ফসলের জন্য কৃষকদের এমএসপি-র আইনি গ্যারান্টি এবং তাও স্বমীনিধারিত ভিত্তিতে গণনা করা হবে... আধাসামরিক কর্মীদের সহ সকলের জন্য ওস্ত পেনশন স্কিম চালু করা হবে। অগ্নিবীর নীতির অবসান ঘটিয়ে, আবার সশস্ত্র বাহিনীতে নিয়মিত নিয়োগ করা হবে।

ভোট বড় বালাই! ঈদের নামাজ পাঠে শশী, সাধারণের মাঝে তিরুবনন্তপুরমের কংগ্রেস প্রার্থী

তিরুবনন্তপুরম, ১০ এপ্রিল : ভোট বড় বালাই! জনসম্পর্ক বৃদ্ধিতে এবার ঈদের নামাজ পাঠকেই বেছে নিলেন কেরলের তিরুবনন্তপুরম লোকসভা আসনের কংগ্রেস প্রার্থী শশী থারুর। বুধবার সকালে মুসলিম ধর্মাবলম্বী মানুষজনের সঙ্গে ঈদের নামাজ পাঠে অংশ নেন কংগ্রেস



প্রার্থী শশী, নামাজ পাঠ শেষে

ভূপতিনগরকাণ্ডে তিন দিন অতিক্রান্ত, এনআইএ-এর ওপর হামলায় অধরাই অভিযুক্তেরা

ভূপতিনগর, ১০ এপ্রিল : তিন দিন অতিক্রান্ত, পূর্ব মেদিনীপুরের ভূপতিনগরে এনআইএ আধিকারিকদের ওপর হামলার ঘটনায় এখনও ধরা পড়ল না কেউ। এনআইএ-এর ওপর হামলার

ঘটনায় অভিযুক্তরা গ্রেফতার না হলেও, আক্রান্ত এনআইএ আধিকারিকদের পাঠানো হয়েছে।পাশাপাশি, কয়েক জন গ্রামবাসীকেও নোটিস দিয়ে ডেকেছে পুলিশ। এনআইএ আধিকারিকদের যে গাড়ি ভাঙচুর হয়েছে বলে

জখম ওই আধিকারিকের মেডিক্যাল রিপোর্টও চেয়ে পাঠানো হয়েছে। গাড়িটি ফরেনসিক পরীক্ষায় পাঠানো হবে। কিন্তু, অভিযুক্তদের গ্রেফতার না করে কেন আগে অভিযোগকারীকে ডেকে পাঠানো হচ্ছে, উঠছে সেই প্রশ্ন।

অভিযোগ, সেটিকেও ভূপতিনগর থানার হাতে তুলে দিতে বলা হচ্ছে। গাড়িটি ফরেনসিক পরীক্ষায় পাঠানো হবে। কিন্তু, অভিযুক্তদের গ্রেফতার না করে কেন আগে অভিযোগকারীকে ডেকে পাঠানো হচ্ছে, উঠছে সেই প্রশ্ন।

গাজিয়াবাদে আগুন লাগল আবাসনে, আলিগড়ে রেস্তোরাঁয় ভয়াবহ অগ্নিকাণ্ড

লখনউ, ১০ এপ্রিল : উত্তর প্রদেশের গাজিয়াবাদে ভয়াবহ আগুন লাগল একটি আবাসনে। বুধবার সকালে গাজিয়াবাদের ইন্দিরাপুরমে জয়পুরিয়া সানারাইজ প্রিন্স আপার্টমেন্ট আবাসনে আগুন লাগে। আগুন লাগা মাত্রই আতঙ্কে

আবাসনের বাসিন্দারা নিচে নেমে আসেন, খবর দেওয়া হয় দমকলের, দমকল কর্মীদের দীর্ঘ সময়ের প্রচেষ্টার পর আগুন আয়ত্তে এসেছে। চিফ দমকল অফিসার (সিএফও) রাহুল কুমার বলেছেন, সানরাইজ প্রিন্স আপার্টমেন্টের তিনতলায় আগুন

বড়মার মন্দিরের বাইরে থেকেই প্রণাম,রাজ্যসভায় শপথ নিতে যাওয়ার পথে কেন্দ্রে ফেললেন মমতাবালা



দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃবড়মা বীণাপাণি ঠাকুরের তালু বন্ধ ঘরের বাইরে প্রণাম করে রাজ্যসভায় শপথ নিতে গেলেন মমতাবালা ঠাকুর। চোখে জল। জানালেন, সুযোগ পেলে প্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে শান্তনুর বিরুদ্ধে নালিশ জানাবেন তিনি। তালু লাগিয়ে শান্তনু ঠাকুর দখল নেওয়ায় বন্ধ মন্দিরের বাইরে থেকেই প্রণাম সেরে দিল্লির উদ্দেশে রওনা দিলেন তিনি। মন্দিরের বাইরে দাঁড়িয়ে এদিন কঁদেই ফেলেন মমতাবালা। তৃণমূলের মতে মমতাবালার এই চোখের জলের পিছনে রয়েছে শান্তনু ঠাকুরের ওদ্ধতা। যে ভাবে শান্তনু দলবল নিয়ে ঠাকুরাবাড়ির দখল নিয়েছেন তা ভোটারদের কাছে তুলে ধরাটাই এখন ঘাসমূল নেতৃত্বের কাছে বড় টান্ডা।সুদল মনে করছে বড়মার মন্দিরের দখল নিতে শান্তনু ঠাকুর ও তাঁর দলবলের যে হামলা চালিয়েছে, তা ভোটের মুখে রাজনৈতিক ফায়দা দেবে তৃণমূলকে। এ দিন দিল্লি যাওয়ার আগে মতুয়া ভক্ত, পাগল, গোঁসাই দলপতিদের সঙ্গে কথা বলেন তৃণমূল প্রভাবিত অল ইন্ডিয়া মতুয়া মহাসংগঠের সঙ্ঘাধিপতি মমতাবালা ঠাকুর। মমতাকে আশুস্তও করেছেন মতুয়া ভক্তরা।সুশনিবার থেকে শুরু হয়েছে বারাননি সেলা। আর রবিবারেই বড়মা-র মন্দিরের দখল নিতে ঠাকুরবাড়ির কোলাপসিবল গেট

ভেঙে ঢুকেছিলেন শান্তনু। তারপর থেকে বহু মতুয়া ভক্ত, পাগল, গোঁসাই, দলপতিরা এসে দেখা করেছেন মমতাবালার সঙ্গে। তীর নিন্দা করেছেন।মমতাবালা তাঁদের বলেন, ‘ বাব বিজেপিকে বনগায় হারাতেই হবে। সে ক্ষেত্রে মতুয়াদের আরও বেশি সক্রিয় হওয়া প্রয়োজন। বনগায় বিজেপিকে হারালেই শান্তনু ঠাকুরের ওদ্ধতা মাটির সঙ্গে মিশিয়ে দেওয়া যাবে।’ জবাবে পবিত্র গোঁসাই, কৃষ্ণ মণ্ডল বলেন, ‘আছে মা। এ বারের ভোট শান্তনুকে এর জবাব দিতেই হবে।’সুনগাঁও কেন্দ্রের তৃণমূল প্রার্থী বিশ্বজি দাস বলেন, ‘ ঠাকুরের হামলার প্রভাব অবশ্যই পড়বে এ বারের ভোটো। সিএই নিয়ে মতুয়ারা এমনিতেই সরে গিয়েছেন বিজেপির থেকে। তারপর ভোটের মুখে শান্তনু। ঠাকুরবাড়ির দখল নিয়ে যে কাণ্ড ঘটালেন, তাতে ক্ষুব্ধ মতুয়া ভোটাররা নিশ্চিত ভাবেই ভোটবাজে তার জবাব দেবেন।’শান্তনু ঠাকুর অবশ্য বলেন, ‘ এর কোনও প্রভাব পড়বে না। বড়মা-র মন্দির মতুয়া ভক্তদের। মমতাবালা ঠাকুর এতদিন কেন দখল নিয়ে রেখেছেন বলে প্রশ্ন তুলেছিলেন মতুয়ারাই। ওঁর জন্য মতুয়ারা বড়মা-র মন্দির দর্শন করতে পারেন না। তাঁরাই বড়মা-র মন্দিরকে হেরিটেজ করার সিদ্ধান্ত নিয়েছেন। ভক্তরাই তালু ভেঙেছেন।’

রামদেবের নিঃশর্ত ক্ষমাপ্রার্থনা প্রত্যাখ্যান সুপ্রিমকোর্টে

নয়াদিল্লি, ১০ এপ্রিল : যোগগুরু রামদেব এবং পতঞ্জলির কর্মকর্তা আচার্য বালকৃষ্ণ মঙ্গলবারই সুপ্রিম কোর্টে নিঃশর্ত ক্ষমা চেয়েছিলেন। তবে বুধবার তাদের সেই ক্ষমাপ্রার্থনা গ্রহণ করল না সুপ্রিম কোর্ট। আদালত অবমাননার জন্য রামদেবকে প্রত্যন্ত থাকার বাতীও দিল শীর্ষ আদালত।এই নিয়ে শীর্ষ আদালতের বিচারপতি হোমা কহেলি বলেন, ‘এখন তাদের পিঠ দেওয়ালে ঠেকে গিয়েছে। আমরা এই ক্ষমাপ্রার্থনা গ্রহণ করছি না।

হলফনামা বাতিলের পর যা হবে তার জন্য প্রস্তুত থকু না’ উল্লেখ্য, পতঞ্জলির বিবাস্তবিক বিজ্ঞাপন মামলায় শীর্ষ আদালতে তুমুল ঙ্গসিত হয়েছিলেন যোগগুরু রামদেব। এমনকী আদালতের মিথ্যা কথা বলায় রামদেব এবং পতঞ্জলি আদালতে লিমিটেডের ম্যানেজিং ডিরেক্টর আচার্য বালকৃষ্ণনের বিরুদ্ধে মামলা শুরু হবে বলে হুঁশিয়ারি দিয়েছিল শীর্ষ আদালত। বুধবার সেই মামলারই প্রেক্ষিতে ফের ‘প্রস্তুত’ থাকতে বলা হয় রামদেবকে।

প্রথম রাউন্ডে বিধ্বস্ত লক্ষ্য সেন নয়াদিল্লি, ১০ এপ্রিল : বুধবার ভারতীয় তারকা শাটলার বিশ্ব চ্যাম্পিয়নশিপে ব্রোঞ্জ পদক জয়ী লক্ষ্য সেন চীনের নিংবাতে এশিয়া ব্যাডমিন্টন চ্যাম্পিয়নশিপে পুরুষদের এককে চীনের শীর্ষ বাছাই শি ইউ কুই-এর কাছে সরাসরি গেমে

লাগে। আগুন নিয়ন্ত্রণে আনতে ঘটনাস্থলে তিনটি ফায়ার টেন্ডার পাঠানো হয়... ফ্ল্যাটে কিছু ঘরোয়া জিনিসপত্র ছিল যা আগুনে পুড়ে গেলেও এই ঘটনায় কোনও প্রাণহানি হয়নি।অন্যদিকে, মঙ্গলবার রাতে ভয়াবহ আগুন লাগল উত্তর

প্রদেশের আলিগড়ে। শর্টসার্কিটের কারণে মঙ্গলবার রাতে আলিগড়ে একটি রেস্তোরাঁয় আগুন লাগে। দাউদাউ করে জ্বলতে থাকে আগুন। দমকলের ৬টি ইঞ্জিনের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে এসেছে। এই অগ্নিকাণ্ডে কেউ হতাহত হননি।

বাম আমলের প্রাথমিকের ৪০০ প্রার্থীকে চাকরি দিতে হবে তিন মাসের মধ্যে,নির্দেশ হাইকোর্টের

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃবাম আমলের প্রাথমিকের ৪০০ জন প্রার্থীকে চাকরি দিতে হবে তিন মাসের মধ্যে ।২০০৯ সালে হাওড়া জেলার প্রাথমিক শিক্ষক পদে নিয়োগ থেকে বঞ্চিত হন ৪০০ চাকরিপ্রার্থী। যা নিয়ে দীর্ঘদিন অবস্থান কর্মসূচিও পালন করেন চাকরিপ্রার্থীরা। পরে বিষয়টি নিয়ে তৃণমূল নেতা কুণাল ঘোষের সঙ্গে বৈঠকের পর রাজ্য সরকারের আশ্বাসে অবস্থান কর্মসূচি প্রত্যাহার করে নেন আন্দোলনকারী চাকরিপ্রার্থীরা।মঙ্গলবার বিচারপতি রাজশেখর মাস্তুর নির্দেশ, ৬ মাসের মধ্যে এই বঞ্চিত চাকরিপ্রার্থীদের নিয়োগে দিতে হবে। সে ক্ষেত্রে এত বছর বাদে চাকরি পাওয়ার পর পুরনো বকেয়া-সহ অতিরিক্ত সুযোগ-সুবিধার দাবি করতে পারবেন না নিয়োগে পাওয়া শিক্ষকরা। নতুন চাকরিপ্রাপ্তদের মতো সুবিধা পাবেন। আদালত জানিয়েছে, বর্তমানে হাওড়ায় শূন্যপদ ১৫১। অবিলম্বে এঁদের নিয়োগ দিতে হবে। বাকি ২৫০ জনের চাকরির ভবিষ্যতে তৈরি হওয়া শূন্যপদ থেকে ৬ মাসের মধ্যে

অবতরণের পরেই নিয়ম ভেঙে ‘ এমার্জেন্সিএক্সিট’ খোলার চেষ্টা যাত্রীর,কলকাতা বিমানবন্দরে হুল

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ আবারও শিরোনামে কলকাতা বিমানবন্দর। এবার অবতরণের পরেই বিমানের ডানার উপরে থাকা ওভার উইং এক্সিট স্টার বোর্ড সাইড ফ্ল্যাপ খোলার চেষ্টা যাত্রীরা। বিমান কর্মীদের অনেক অনুরোধের থামান গেলে না যাত্রীকে আর বিমানের খবর দেওয়া হয় পাকড়াও সেন্ট্রাল ইন্সটিটিয়াল সিকিউরিটি ফোর্সের আধিকারিকদের। পরে তাঁকে তুলে নেয় নেতাঞ্জি সত্যভাচার বিমানবন্দর আন্তর্জাতিক থানার হাতে।মঙ্গলবার ইন্ডিগো ৬৬ ৬৪৯১ বিমানে ঘটে এই ঘটনা। বিমানটি নিজামের শহর থেকে দমদম বিমানবন্দরে (Dum Dum Airport) অবতরণের পর ১৮ কেফ সিটে বসা যাত্রী আবুজার মণ্ডল কেবিন ত্রুদের নির্দেশে না মেনে বিমানের ডানার উপরে থাকা ওভার উইং এক্সিট স্টার বোর্ড সাইড ফ্ল্যাপ খোলার চেষ্টা করছিলেন বলে অভিযোগ। সঙ্গে সঙ্গে তাঁকে বাধা দেন বিমানে থাকা ক্রু মেম্বাররা। কিন্তু তা সত্ত্বেও তিনি সে কথায় কান না দিয়ে এমার্জেন্সি ফ্ল্যাপটি খোলার চেষ্টা চালিয়ে যান।সুসঙ্গত বিগত এক কলকাতা বিমানবন্দর। কয়েকদিন আগে সকাল ৭.২৯

মিনিটে দুবাই থেকে কলকাতা আসা এমিরেটের ইকে ৫৭০ বিমানের এক যাত্রীর কাছ থেকে সেনা উদ্ধার করেন ইন্টারেক্টের রিভিনিউ ই স্টা ক ও টা লি জেন্স -এর আধিকারিকেরা। গোপন সূত্রে খবর পেয়ে ভাইরেক্টরটের রিভিনিউ ইন্সটিটিউশন-এর অধিকারিকেরা মহম্মদ মহসিন মেহমুদ আলম নামে ওই যাত্রীকে প্রথমে আটক করে জিজ্ঞাসাবাদ শুরু করেন। এরপর তল্লাশি চালিয়ে তাঁর কাছ থেকে ১.৪০১ গ্রাম সোনা উদ্ধার করা হয়। ভারতীয় মুদ্রায় ভারত হওয়া ওই সোনার দাম ১ কোটি ২৯ হাজার ৭৪ টাকা। এরপরেই গ্রেফতার করা হয় ওই ব্যক্তি।কোএছাড়াও কয়েকদিন আগে দু’টি বিমানের ডানার সংঘর্ষের ঘটনায় ব্যাকব চাঞ্চল্য ছড়ায় বিমানবন্দরে। একটি বিমানের ডানার একাংশ ভেঙেও যায়। এছাড়া সম্প্রতি কলকাতা বিমানবন্দরেই নিজের সার্ভিস রাইফেল থেকে গুলি চালিয়ে আত্মহত্যা হন এক গুয়ানা। ২০২২ সালে সিআইএসএফ-এ যোগ দেন সি বিষ্ণু নামে ওই জগুয়ান। ঘটনার দিন কলকাতা বিমানবন্দরের পাঁচ নম্বর টাওয়ারের নিরাপত্তার দায়িত্বে ছিলেন তিনি। আর এবার বিমানের মধ্যেই এই কাণ্ড ঘটালেন এক যাত্রী।

বিজেপি নেতার বাড়িতে হামলা

কলকাতা, ১০ এপ্রিল : উত্তর কলকাতার বিজেপি সভাপতি তন্ময় ঘোষের বাড়িতে দুষ্কৃতী হামলা। ভোটের মুখে এই ঘটনার রীতিমতো সরগরম রাজ্য রাজনীতি। হামলার পিছনে তৃণমূলকে হারানোর বলে দাবি করা হয়েছে বিজেপির তরফে।বিজেপি নেতা তন্ময় ঘোষের দাবি, হামলাকারীদের লক্ষ্য আমিহি ছিলাম। বাইকে চড়ে দুষ্কৃতীরা এসেছিল। সিসি ক্যামেরাটা ভাঙা হয়েছে। যাতে আমাকে ওখান দিয়ে ঢুকতে ও বের হতে গেলে, তার আর কোনও রেকর্ড না থাকে। এবং তাতে আমার উপর হামলা করতে সুবিধা হয়। ইজি টার্গেট। ফিরতে আমার অনেক রাত হচ্ছে। গাড়ি থেকে নেমে

তখন একা ঢুকি। স্বাভাবিক অর্থে আমার উপর হামলা করার আদর্শ সময় তো সেটাই হতে পারে। সরাসরি লড়াই তৃণমূলের সঙ্গে বিজেপির এখানে। তাপস রায় জিতছে, সেটা তাঁরা বুঝতে পারছে। তাঁরা বুঝে এই হামলা করে। বিজেপি করছে। কী হবে? তাতে ভয় পেয়ে সবাই পালিয়ে যাবে নাকি ? একদম চোখে চোখে রেখে তৃণমূলের সঙ্গে লড়াই হবে। তৃণমূলকে হারাতে এখানে।দুপুরে তিনি বলেন, থানায় এসে এই তো বের হলাম। এমন কিছু করবে না যাতে মানুষের অসুবিধা হয়। এবং আমাদেরও সময় নষ্ট হয।তন্ময়ে ঘোষের সঙ্গে থানায় হাজির হন কলকাতা উত্তরের বিজেপি প্রার্থী

দিল্লি হাইকোর্টের রায়কে চ্যালেঞ্জ কেজরিওয়ালের, সুপ্রিম কোর্টের দ্বারস্থ এএপি প্রধান



নয়াদিল্লি, ১০ এপ্রিল : তাঁর প্রেফতারিকে বৈধ বলেছে দিল্লি হাইকোর্ট। এবার দিল্লি হাইকোর্টের সেই রায়কে চ্যালেঞ্জ জানিয়ে সুপ্রিম কোর্টে গেলেন দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল। দিল্লি হাইকোর্টে মঙ্গলবার বড়সড় ধাক্কা খেয়েছেন দিল্লির মুখ্যমন্ত্রী তথা এএপি প্রধান অরবিন্দ কেজরিওয়াল। আবগারি মালায় তার প্রেফতারিকে বৈধ বলেছে দিল্লি হাইকোর্ট।এবার দিল্লি হাইকোর্টের রায়কে চ্যালেঞ্জ জানিয়ে বুধবারই সুপ্রিম কোর্টে গেলেন অরবিন্দ কেজরিওয়াল। এএপি প্রধানের এই আবেদনের শুনানি কবে হবে, তা এখনও জানা যায়নি। উল্লেখ্য, আবগারি দুর্নীতি মামলায় মঙ্গলবার দিল্লি হাইকোর্টে ধাক্কা খেয়েছেন অরবিন্দ কেজরিওয়াল। ইন্ডির প্রেফতারিকে চ্যালেঞ্জ জানিয়ে হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন দিল্লির মুখ্যমন্ত্রী। মঙ্গলবার সেই আবেদন খারিজ করে দিয়েছে দিল্লি হাইকোর্ট। ইন্ডির প্রেফতারি বৈধ বলে মন্তব্য করেছে দিল্লি হাইকোর্ট।

তেজস্বী সনাতনের মুখোশ পরে তোষণের রাজনীতি করেন, কটাক্ষ গিরিরাজ সিংয়ে



বেঙ্গুরাই, ১০ এপ্রিল : আরজেডি নেতা তেজস্বী যাদবকে তীব্র কটাক্ষ করলেন কেন্দ্রীয় মন্ত্রী তথা বিজেপি নেতা গিরিরাজ সিং। তাঁর মতে, তেজস্বী যাদব একজন মরশুমি সনাতনি। বুধবার সকালে বিহারের বেঙ্গুরাইয়ে সাংবাদিকদের মুখোমুখি হয়ে গিরিরাজ সিং বলেছেন, তাঁরা বাবা (লালু যাদব) ক্ষমতায় থাকাকালীন অনেক মানুষ রোহিঙ্গা অথবা বাংলাদেশি অনুপ্রবেশকারীরা এখানে এসেছিল। তাঁরা সনাতনের মুখোশ পরে তোষণের রাজনীতি করেন।গিরিরাজ সিং আরও বলেছেন, লালু যাদবের দল একটি প্রাইভেট লিমিটেড কোম্পানি, এটা তাঁদের কোম্পানি এবং যাকে তাঁরা শেয়ার দিতে চায় শেয়ারহোল্ডার হয়ে যায়। বিহারে অনুপ্রবেশকারী হোক অথবা রোহিঙ্গা, তাঁদের মধ্যে বিপুল সংখ্যককে ভোটের তালিকায় নাম রয়েছে। আমি এমন একটি ব্যবস্থার দাবি জানাচ্ছি, যা তাদের ভোটের অধিকার অস্বীকার করে।

হংকং-এ বিধ্বংসী আগুনে মৃত্যু ৫ জনের, আহত কমপক্ষে ১০ জন

হংকং, ১০ এপ্রিল : হংকং-এ একটি আবাসিক ও বাণিজ্যিক ভবনে অবস্থিত জিমে আগুন লেগে মৃত্যু হয়েছে ৫ জনের। এছাড়াও এই অগ্নিকাণ্ডে আহত হয়েছেন কমপক্ষে ১০ জন। বুধবার সকালে হংকং বিশেষ প্রশাসনিক অঞ্চলে অবস্থিত আবাসন ও বাণিজ্যিক ভবনের জিমে এই আগুন লাগে। স্থানীয় প্রশাসন জানিয়েছে, বুধবার সকাল ৭.৫৬ মিনিট নাগাদ আগুন লাগে।দমকল জানিয়েছে, জর্ডান রোডের নিউ লিফি হাউসের একটি জিমে আগুন লাগে, সেই আগুন প্রায় দেড় ঘণ্টা পর নিয়ন্ত্রণে আনা হয়। পুলিশ সকাল ১০.৫৫ মিনিট নাগাদ জানিয়েছে, আগুনে দুই মহিলা এবং তিনজন পুরুষ মারা গিয়েছেন। আরও ১০ জন আহত হয়েছেন এবং তাদের বিভিন্ন হাসপাতালে চিকিৎসার জন্য পাঠানো হয়েছে।

হোটেলের ঘরে মেয়ে-মাদক নিয়ে বসেছিল রঙিন আসর, ভোটের মুখেই গ্রেফতার প্রাক্তন মন্ত্রীর ছেলে

সিমলা, ১০ এপ্রিল : ভোটের আগেই তৎপর পুলিশ। জায়গায় জায়গায় চলছে অভিযান। আর সেই অভিযানেই লিলল বড়সড় সাফল্য। মাদক সহ গ্রেফতার হয়েছে মন্ত্রীর ছেলে। মঙ্গলবার সিমলার একটি হোটেলে অভিযান চালায় হিমাচল পুলিশ। সেখান থেকেই গ্রেফতার করা হয় প্রকাশ সিং-কো। তাঁর কাছ থেকে মাদকও উদ্ধার করা হয়েছে। প্রাক্তন মন্ত্রী তথা শিরোমণি আকালি দলের নেতা সূচা সিং লাংঘার ছেলে প্রকাশ সিং। মঙ্গলবার তাঁকেই মাদক সহ গ্রেফতার করে হিমাচল প্রদেশ পুলিশ। তাঁর সঙ্গে আরও চারজনকে গ্রেফতার করা হয়েছে। ধৃতদের মধ্যে একজন মহিলাও রয়েছে। ধৃতদের কাছ থেকে ৪২

গ্রাম হেরোইন উদ্ধার হয়েছে। তাঁদের বিরুদ্ধে মাদক রাখার অপরাধে মামলা দায়ের করা হয়েছে। পুলিশের তরফে জানানো হয়েছে, গোপন সূত্রে খবর মিলেছিল, সিমদার ওই হোটেলে মাদক কেনা-বেচা চলছে। সেই সূত্রে ধরেই অভিযান চালানো হয়। সেখানে হোটেল রুমে তল্লাশি চালিয়ে দেখা যায়, প্রাক্তন মন্ত্রীর ছেলে মাদক বিক্রি করছেন! তল্লাশিতে ৪২ গ্রাম নিষিদ্ধ মাদক উদ্ধার হওয়ার পরই প্রাক্তন মন্ত্রীর ছেলে প্রকাশ সিং সহ মোট ৫ জনকে গ্রেফতার করা হয়। প্রসঙ্গত, এর আগে ২০২১ সালেও পঞ্জাব পুলিশের হাতে গ্রেফতার হয়েছিলেন প্রকাশ সিং। সেই সময়ও মাদক মামলাতেই গ্রেফতার করা হয়েছিল তাঁকে।

অরুণাচলে মুখ্যমন্ত্রী খাভুকে নিয়ে বিজেপির নির্বাচনী ইস্তাহর প্রকাশ নাডার

ইটানগর, ১০ এপ্রিল : অরুণাচল প্রদেশ বিধানসভা ও লোকসভা নির্বাচনে মুখ্যমন্ত্রী পেমা খাভু, অসমের পরিষদীয় মন্ত্রী অশোক সিংঘলদের পাশে নিয়ে বিজেপির ইস্তাহার প্রকাশ করেছেন দলের সর্বভারতীয় সভাপতি জেপি নাড্ডা।আজই দইমুখে আয়োজিত ‘ ভারত বিকশিত অরুণাচল প্রদেশ’ শীর্ষক বিশাল নির্বাচনী সমাবেশে ভাষণ দিচ্ছেন।

সর্বভারতীয় সভাপতি জেপি নাড্ডা। ডনি পোলাে (হলঙ্গি) বিমানবন্দরে মুখ্যমন্ত্রী পেমা খাভু দলের জাতীয় সভাপতিকে উষ্ণ অভ্যর্থনা জা নিয়ে ছেন। বিজেপি সভাপতি জগতপ্রকাশ নাড্ডা দইমুখে আয়োজিত ‘ ভারত বিকশিত অরুণাচল প্রদেশ’ শীর্ষক বিশাল নির্বাচনী সমাবেশে ভাষণ দিচ্ছেন।

দুরন্ত বার্তা

পূর্ণাঙ্গ পঞ্জিকা
কলকাতা,১১এপ্রিল
মাটি বৃহহঃ বার, ২৭ চৈত্র মাস ১৪৩০ বঙ্গাব্দ, ইংরেজীঃ১১এপ্রিলঃ ২০২৩, ৫৩৬ চৈতন্যব্দ, কলিঃ ৫১২৩, সৌরঃ২৮চৈত্র মাস, চান্দ্র ৭ মধুসূদন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাধ, ২৫৬৫ বুদ্ধাব্দঃ, বাংলাদেশঃ১১এপ্রিল মাস ১৪৩০, ভারতীয় সিভিলঃ ২৮চৈত্র মাস ১৯৪৪, মৈত্রেঃ ১৪ শজিবু, আসামঃ২৬ চৈত্র, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অরুণাাণুজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ ২৪ঃ২৫ এবং অন্তঃবিকাল ০ঃ৫ঃ ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ ২২(৮) এবং অন্তঃরাত্রি ১ঃ২ঃ১৬ঃ ৫০(৮)।শুক্র পক্ষ তিথিঃসপ্তমী (ভদ্রা)
রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮ঃ৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা
রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫৮ঃ৪৫ পর্যন্ত পরে পুনর্বসুকরণঃমঘিজ
রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮ঃ৪৫ পর্যন্ত পরে পুনর্বসুকরণঃমঘিজও অমৃতযোগঃদিন ০৫ঃ২৪ঃ৩১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩৩ পর্যন্ত, তারপর ১২ঃ ৫৩ঃ০৪ থেকে - ০২ঃ৩৩ঃ২৫ঃ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ ৪৫ পর্যন্ত, তারপর ০৩ঃ৫৬ঃ০২ থেকে - ০৬ঃ৫২ঃ২৩ পর্যন্ত।
মহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২৯ঃ০৪ থেকে - ১১ঃ১৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০৫ঃ২২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ৩১ পর্যন্ত
কুলিক বেলঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ ৪৩ঃ৫২ পর্যন্ত
কুলিক রাত্রিঃ০৭ঃ ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ১০ঃ৩৫ পর্যন্ত
বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ ২৫ থেকে - ১০ঃ০৪ঃ৫২ পর্যন্ত
কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ৫২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত
কালরাত্রিঃ০৮ঃ৪৫ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত
গ্রহসূচী (সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১২ঃ৪৪ ৬১৯ (২৭) ৩ পদচন্দ্রঃ ২২১৫ঃ২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ২২৭৫ঃ৩৬৯ (২৬) ২ পদবৃহঃ ০২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ ১০২৯ঃ৪২২৬ (২৫) ৬ পদশুক্রঃ ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ ৭২২৭৫৩ (১৬) ৪

আবহাওয়া

বৃষ্টির হতে পারে নাও হতে পারে।
তাপমাত্রা সর্বোচ্চ ২৮.৩ডিগ্রী সেলসিয়াস ও (২২) সর্বনিম্ন ১৯.০২ডিগ্রী সেন্টিগ্রেড ও (১) দিনের বেলায়।
আপেক্ষিক আর্দ্রতা হবে ৯২শতকরা এবং ৪১শতকরা।
বৃষ্টি হয়েছে বৃহঃবার।
জোয়ার-সকাল ৬টা ২১ মিনিট এবং রাত্৮টা ২০মিনিট হবে।
ভাটা-সকাল-৬টা ২০মিনিট।
রাত-১০টে ২১ মিনিট।
সূর্য উদয়ঃ আংঃ ৫ টি ১০মিনিট এবং সূর্য অস্ত যাবে ৬ টি ০৫ মিনিটে।

রাশিফল
মেঘরাশিঃহস্তীর স্বাস্থ্যের সচিক দেখভাল।
এবং নজরের প্রয়োজন।
আজ আপনার সামনে অনেক নতুন আর্থিক ক্ষিের উপস্থান করা হবে- না আজ।
বৃষভ রাশিঃব্যাপ্ত সময়সূচী সবেও স্বাস্থ্য সুন্দর থাকবে, কিন্তু আপনার জীবনকে নিশ্চিতভাবে নেননা।
নী, উপলব্ধি করুন যে জীবনের প্রতি যতই হল আসল।
মিথুন রাশিঃআজ আপনি মিথুনের সারিতে বসে আরাম করুন- এবং শখে জািয়ে থাকুন এবং যে জিনিসে আপনি সবচেয়ে বেশি উপভোগ করেন তাই করুন।
কর্কট রাশিঃআপনার স্বাস্থ্যের পুনরায় উন্নতির জন্য সেবা দিন।
আপনার অর্থ কোথায় ব্যয় হচ্ছে সেদিকে আপনার নজর রাখা **সিংহরাশিঃ**আপনার বাচ্চা র কৃতিত্ব পালনকে প্রচুর আনন্দ দিতে পারে।
আজকে বিনিয়োগ এড়িয়ে চলা উচিত।
শুভদিন।
কন্যারশিঃবিবাহের যোগ হতে পারে আজ থেকে।
সুখ বাড়ি।
তুলারাশিঃআপনি কিছু আঘাতের সম্মুখীন হলে চরম সাহস এবং শক্তি প্রদর্শন করা প্রয়োজন।
বৃশ্চিক রাশিঃআপনার স্বাস্থ্য এবং সৌন্দর্যের উন্নতি করতে যথেষ্ট সময় থাকবে।
কোন দীর্ঘ-স্থায়ী লগ্নি এড়িয়ে চলুন এবং বাইরে **ধনু রাশিঃ** আপনার মুখ্ধকারী আচরণ মনোবোধ্য আকর্ষণ করবে।
আপনার বাড়ির একজন প্রবীণ আপনার অর্থায়নে আপনাকে সহায়তা করতে পারে **মকর রাশিঃ**আপনার বিরট আস্থা এবং সহজ কাজের সময়সূচী আপনাকে আজ আরাম করবে।
কুন্ত রাশিঃএমন একটি রুস্তা রয়েছে আপনি আরাম করতে সমর্থ হবেন।সংসারে শান্তি হবে **মীন রাশিঃ**শ্রেষ্ঠতর জীবনের জন্য আপনার স্বাস্থ্য এবং সামগ্রিক ব্যক্তিত্ব উন্নত করার চেষ্টা করুন-খুব একটা লাভাভরক দিন নাকি-কাজেই আপনার টাকাকড়ির অবস্থা দেখে নিয়ে আপনার খরচ সীমিত করুন।
কোন বন্ধু তার ব্যক্তিগত সমস্যা সমাধানের জন্য আপনার উপদেষ্ট হচিতে পারে।

আবারও অসুস্থ বিজেপি প্রার্থী রেখা, নিয়ে যাওয়া হল হাসপাতালে

দুরন্ত বার্তা, উত্তর ২৪ পরগনা, ১০ এপ্রিল : বুধবার প্রচারে বেরিয়ে আবার অসুস্থ হয়ে পড়লেন বসিরহাট লোকসভার বিজেপি প্রার্থী রেখা পাত্রা। স্থানীয় হাসপাতালে নিয়ে যাওয়া হয় তাঁকে। সেখানে শুশ্রূষার পর তিনি খানিক সুস্থ বোধ করেন। বসিরহাটে তাঁর নাম ঘোষণার পরেও অসুস্থ হয়ে পড়েছিলেন রেখা। সে বার তাঁর চিকিসা হয়েছিল কল্যাণী এমসে। সকালে প্রচারে বেরিয়েছিলেন সন্দেশখালির আদোলনের ‘ রেখা। সঙ্গে ছিলেন দলীয় কর্মীরা। হিঙ্গলগঞ্জের দুলদুলিতে প্রচার করার সময়ই অসুস্থ বোধ করতে থাকেন রেখা। বুকি না নিয়ে তাঁকে সঙ্গে সঙ্গে বসিরহাট স্বাস্থ্য জেলার অন্তর্গত সাণ্ডেলেরবিল গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে জরুরি বিভাগেই বসিয়ে তাঁকে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়। তাঁর মুখে অক্সিজেনের মাস্কও পরানো হয়। কিছু ক্ষণ পর রেখা খানিক সুস্থ বোধ করেন বলে জানা গিয়েছে। রেখার প্রতিস্থ গ্নী তৃণমূল প্রার্থী হাজি নূরুলও শারীরিক ভাবে অসুস্থ। তারাও চিকিসা চলছে। এত দিন হাসপাতালে ভর্তি ছিলেন তিনি। মঙ্গলবার তিনি বাড়ি ফিরেছেন।

ব্যবসায়ীকে বন্দুকের বাট দিয়ে মেবে মাথা ফাটিয়ে সোনার হার ছিনতাই

দুরন্ত বার্তা,বসিরহাট, ১০ এপ্রিল : আহত ব্যক্তির নামপ্রসেনজিৎ বিশ্বাস। বসিরহাট থানার কদমতলা এলাকার ঘটনা। আহত প্রসেনজি বিশ্বাসকে উদ্ধার করে বসিরহাট হাসপাতালে নিয়ে আসলে মাথায় সেলাই দিয়ে তিন ঘণ্টা পর্যবেক্ষণে রেখে ছেড়ে দেওয়া হয়। তার পরিবারের পক্ষ থেকে জানানো হয় প্রসেনজি বিশ্বাসের ডেকোরিটরের ব্যবসা। বিভিন্ন জায়গায় চড়কের পুজো এবং ঈদের অনুষ্ঠানের জন্য প্যান্টেল এবং লাইট মাইক ভাড়া দেওয়ার কারণে তার দোকান বন্ধ করতে একটা হত্ম হয়ে যায় । সে যখন শাটার বন্ধ করছে সেই সময় তিনজন দুষ্কৃতী সশস্ত্র অবস্থায় বাইক নিয়ে তার দোকানের সামনে আসে । এবং তাকে ডেকেই তাকে মারধর করা শুরু করে এবং বন্দুকের বাট দিয়ে তার মাথায় মেরে তাকে কাবু করে ফেলে তারপর সে রক্তাক্ত অবস্থায় মাটিতে পড়ে গেলে তার গলার থেকে সোনার হার ছিনতাই করে পালায় দুষ্কৃতীরা । এরপর চিকার টেচামেচিত্তি প্রতিবেশীরা এসে তাকে উদ্ধার করে বসিরহাট হাসপাতালে নিয়ে যায়। ঘটনার তদন্ত শুরু করেছে বসিরহাট থানার পুলিশ।

জয়নগর থানার উদ্যোগে বিনামূল্যে চশমা বিতরন করা হলো



দুরন্ত বার্তা,জয়নগর, ১০ এপ্রিল : জয়নগর থানার উদ্যোগে বুধবার জয়নগর থানায় বিনামূল্যে চশমা বিতরন করা হলো।এদিন এই চশমা বিতরন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জয়নগর থানার আই সি পার্থ সারথি পাল, এ এস আই পুথিশ ঘোষ,দক্ষিন বারাশত চক্ষু হাসপাতালের কর্ণধার দেবব্রত দাস সহ আরো অনেকে। এদিন জয়নগর থানা এলাকার ৫২ জন মানুষের হাতে এই চশমা তুলে দেওয়া হলো।উল্লেখ্য, বারুইপুর পুলিশ জেলার জয়নগর থানার উদ্যোগে গত মার্চ মাসে জয়নগর থানায় হয়ে গেলোো স্বাস্থ্য শিবির। আর এই শিবিরে বিনামূল্যে চোখ দেখানোর পাশাপাশি বিনামূল্যে চশমা দেওয়ার ব্যবস্থা করা হয়।আর সেই চশমা এদিন তুলে দেওয়া হলো চশমা প্রাপকদের হাতে।দক্ষিন বারাশত চক্ষু হাসপাতালের সহায়তায় এই চশমা গুলি বিতরণ করা হয়।আগামী দিনে ও এই ধরনের অনুষ্ঠান হবে বলে এদিন জয়নগর থানার আই সি পার্থ সারথি পাল জানানেন।

ফুটিগোদায় ঈদের বস্ত্র বিতরণ করা হলো এলাকার মানুষদের হাতে



দুরন্ত বার্তা,জয়নগর, ১০ এপ্রিল : একমাসের রোজার মধ্যে দিয়ে রমজান মাস শেষ করে ঈদ উসব পালিত হচ্ছে সারা দেশ জুড়ে। আর রমজান মাসের শেষ দিনে জয়নগর এলাকার গরীব মানুষের পাশে এগিয়ে এলো জয়নগর বিধানসভার ফুটিগোদার দীননাথ ঘোষ নামে এক প্রতিষ্ঠিত ব্যবসায়ী। তাঁর উদ্যোগে বুধবার ফুটিগোদা থেকে ফুটিগোদা সহ আশেপাশের জয়নগর এলাকার ১৮০ জন মুসলিম ধর্ম প্রাণ মানুষের হাতে ঈদের উপহার হিসেবে লুঙ্গি ও শাাি তুলে দেওয়া হলো। আর এই উৎসবের উপহার পেয়ে খুশি মানুষ জন। আগামী বছর আরোবাে করে এই বস্ত্র বিতরণ করা হবে বলে দীননাথ ঘোষ জানানেন।

’শাহজাহানকে বাংলাদেশ থেকে নিয়ে এসেছে সিপিএমের নিরাপদ’, শাহজাহানের ‘পর্দা ফাঁস করলেন শুভেন্দু

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ শেখ শাহজাহানকে নিয়ে সিপিএম-কে দুখলেন বিধানসভার বিরোধী দলনেতা। শুভেন্দু অধিকারী। শাহজাহানকে সিপিএম-এর প্রোডাক্ট বলে কটাক্ষ করার পাশাপাশি জানালেন বসিরহাট লোকসভা কেন্দ্রের সিপিএম প্রার্থী নিরাপদ সর্দারই শেখ শাহজাহানকে বাংলাদেশ থেকে নিয়ে এসেছিলেন। দিল্লিতে নির্বাচন কমিশনের কার্যালয়ের বাইরে তৃণমূলের সাংসদ, নেতাদের ধরনা প্রত্যাহার নিয়ে কটাক্ষ করে বিজেপি নেতা বলেন, দিল্লি পুলিশের লাঠির সৈর্য্য ৬ ফুট উত্তর ২৪ পরগনার সন্দেশখালিতে শাহজাহানের বিরুদ্ধে বাড়ি ও জমি দখলের অভিযোগ উঠেছে। যদিও সে দাবি করেছে তার নিজের জমি-বাড়ি নেই। বাজেয়াপ্ত হয়ে গিয়েছে। এই প্রসঙ্গে শুভেন্দু সাংবাদিকদের বলেন, বাংলাদেশ সরকারের কাছে আবেদন করুক শাহজাহান। সে বাংলাদেশে ছিল। সেখান থেকে

ভারতে নিয়ে আসা প্রসঙ্গে বিজেপি বিধায়ক বাম নেতা নিরাপদ সর্দারের প্রসঙ্গ টানেন বিরোধী দলনেতা। তিনি বলেন, সিপিএম নেতা নিরাপদ সর্দার শাহজাহানকে আনিয়েছেন। এসব সিপিএমের প্রোডাক্ট। ২০১৬ সালের সিপিএম থেকে তৃণমূলে যোগ দিয়েছিল। শাহজাহানের নেতের নাম ওসলেম শেখ। তিনিও ওখানে ভোট লুট করতেন। তিনি সেখানে ছাত্র সংগঠন করতেন।তবে শাহজাহানকে উদ্ধাস্ত হিসাবে নিয়ে আসা হয়নি। এই বিষয়ে শুভেন্দু নিজের মায়ের কথা উল্লেখ করেন। বিজেপি বিধায়ক বলেন, উদ্ধাস্ত শরণার্থী হিসাবে তাকে আনা হয়নি এসেছেন। বাংলাদেশ থেকে গুস্তা হলেও তাকে ভাড়া করে আনা হয়েছিল। এটা করেছিল সিপিএমের নিরাপদ সর্দার। দিল্লিতে নির্বাচন কমিশনের বাইরে তৃণমূলের ধরনা প্রত্যাহারের কারণ নিয়ে বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু বলেন, দিল্লি

১ বৈশাখ ভালোবাসা ও সম্প্রীতির মঙ্গল শোভাযাত্রা হবে যাদবপুরে

দুরন্ত বার্তা, কলকাতা, ১০ এপ্রিল : বাংলা সংস্কৃতির অন্যতম শ্রেষ্ঠ ঐতিহ্য পহেলা বৈশাখ। পহেলা বৈশাখের দিন ভালোবাসা ও সম্প্রীতির বার্তা দিতে বাংলার মানুষের দোরগোড়ায় হাজির মঙ্গল শোভাযাত্রা। প্রতি বছরের মত এই বছরও (১৪৩১) দক্ষিণ কলকাতার গাঙ্গুলি বাগান থেকে যাদবপুর শোভাযাত্রা হবে। পহেলা বৈশাখের দিন (রবিবার) সকাল আটটায় শোভাযাত্রা শুরু হবে। মঙ্গল শোভাযাত্রা গবেষণা ও প্রসার কেন্দ্র, পশ্চিমবঙ্গ -এর উদ্যোগে অসাম্প্রদায়িক বাঙালিয়ানার এই উৎসবকে সফল করতে ইতিমধ্যেই জোর কদমে প্রস্তুতি শুরু হয়ে গেছে। মঙ্গল শোভাযাত্রায় দেখানোর জন্য শিল্পকর্মের কাজ চলছে পাটুলির কিশোর বাহিনী ভবনে। এবারের শিল্পকর্মে থাকছে বাংলার ঐতিহ্যবাহি রয়েল বেঙ্গল টাইগার, বিষ্ণুপুরের বাণ্ডা হাতি, মৎস্যকন্য়ার আদলে বাংলার নৌকা, টাোপা পুতুল। আরো থাকছে বিভিন্ন রঙের কারুকার্যবাহী মুখোশ। তারই কাজ জোর কদমে চালিয়ে যাচ্ছেন শিল্পীরা। এবারের মঙ্গল শোভাযাত্রা উৎসবের কলকরনে লুণ্ণপ্রায় হাপু গানের শিল্পী তারা সুনীল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বাংলাদেশের উদীচী শিল্পী গোষ্ঠীর কেন্দ্রীয় সভাপতি অখাপক বদিউর রহমান, ভাষাবিদ ড. পবিত্র সরকার , লোকায়ত বেহালা শিল্পী রহমত আলী সহ সংস্কৃতি ও ক্রীড়া জগতের বহু বিশিষ্ট



করে পহেলা বৈশাখের আগের দিন রাতে রাস্তা জুড়ে আলপনা দেন শিল্পীরা। এবারেও তার ব্যতিক্রম হবে না। রাতজগা আলপনা মঙ্গল শোভাযাত্রাকে এক বিশেষ মাত্রা দেবে বলে মনে করছেন উদ্যোক্তারা। উদ্যোক্তারা আরোও মনে করছেন, বিদ্যালয়, কলেজ, বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছাত্রী, নাটকের দল, গানের দল, নাচের দল সহ অগণিত মানুষের অংশগ্রহণে এবারের মঙ্গল শুভযাত্রা জন প্লাবনে ভেসে যাবে। ইউনেস্কো বাংলাদেশের মঙ্গল শোভাযাত্রাকে মানবতার অধরা সাংস্কৃতিক ঐতিহ্যের তালিকায় স্থান দিয়েছে

বাড়ি ঢুকে সংজ্ঞাহীন করে লুটপাট চালালো দুষ্কৃতিরা, প্রতিবেশীদের চেষ্টায় উদ্ধার পরিবারের সদস্যরা

দুরন্ত বার্তা, বসিরহাট, ১০ এপ্রিল : রাতের অন্ধকারে বাড়িতে ঢুকে মুখে গ্যাস দিয়ে, মারধর করে , হাত বেঁধে সংজ্ঞাহীন অবস্থায় ফেলে রেখে বাড়ি থেকে সর্বস্ব লুট করে পালালো দুষ্কৃতীরা । একদিন পরে এলাকার মানুষ সংজ্ঞাহীন অবস্থায় তিনজনকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যায় । বসিরহাট থানার মেরুদন্ডী এলাকার ঘটনা। মেরুদন্ডী এলাকার আনন্দমোহন মন্ডল এর বাড়ি। স্বামী স্ত্রী ও মেয়ে তিনজনের সংসার। সোমবার রাত্রে দুষ্কৃতীরা তার বাড়িতে দরজা খুলে ঢোকে এবং বাড়ির তিনজন সদস্যকেই প্রথমে মারধর করে তারপরে তাদের মুখে গ্যাস দিয়ে অজ্ঞান করে দেয় , এবং মেয়েকে হাত বেঁধে রেখে বাড়ি থেকে সর্বস্ব লুট করে পালায় দুষ্কৃতীরা । মঙ্গলবার সারা দিন এলাকার মানুষ তাদেরকে দেখতে পায়নি। বাড়ির পরিচারিকা সকালে এসে ঘুরে চলে



পেয়ে দরজার ঠেলা দিলে দরজা খুলে যায় । তখন ভেতরে গিয়ে দেখে মা বাবা ও মেয়ে তিনজনই সংঙ্গাহীন অবস্থায় ঘরের ভেতরে পড়ে আছে এবং মুখ দিয়ে সাদা ফেনো বার হচ্ছে। মেয়েটার হাত দুটো বাধা । এরপর তড়িঘড়ি তিনজনকে উদ্ধার করে বসিরহাট

সিঙ্গুরে টাটা দের ফেরাবই : লকেট

দুরন্ত বার্তা, চন্দননগর, ১০ এপ্রিল : তীব্র দাবদাহের মধ্যেই হুগলিতে চলছে লোকসভার নির্বাচনী প্রচারা। মঙ্গলবার সন্ধ্যায় চন্দননগর সার্কাস মাঠে হুগলি লোকসভা কেন্দ্রের প্রার্থী লকেট চ্যাটার্জির সমর্থনে এক জনসভায় বিজেপির রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন , তৃণমূল দুর্নীতি ছাড়া কিছু করেনি। তাই আমরা চাই প্রশাসন অব্যাহ শান্তিপূর্ণভাবে ভোটের ব্যবস্থা করুক। বাংলায় ভোটে পুলিশি প্রধান প্রতিপক্ষ। কেন্দ্রীয় সংস্থার কর্তাদের উপরে হামলা নিয়েও সরব হয়েছেন শুভেন্দু। এর আগে সন্দেশখালি তে ই ডি আক্রান্ত হয়েছে, আদালত হস্তক্ষেপ করেছে। এন আই এর উপর হামলা হয়েছে নির্বাচন কমিশন পদক্ষেপ করুক। একই সঙ্গে তিনি চান নির্বাচন পর্ব মৌার পরেও বাংলায় কেন্দ্রীয় বাহিনী থাকুক। তিনি দাবি করেন ১৩ হাজার বিজেপি কর্মীর বিরুদ্ধে মামলা দিয়েছে রাজ্য পুলিশ। তিনি মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কে হুঁশিয়ারি দিয়েছেন সবে মাফলার জেলে গেছে, এবার যাবে হাওয়াই চিটা। চাকরির দুর্নীতি ধরেছেন হাইকোর্টের জারিসি অভিজি গাঙ্গুলী তাই তার নামে দুর্নিম করছেন। এবারে সন্দেশখালিতে মহিলাদের প্রতিবাদের মুখেরেখা পাত্রা। শুভেন্দু আরো বলেন এ রাজ্যে ভোট লুট ও হিংসা লেগে রয়েছে। গণতন্ত্র ফিরুক মানুষ নিজের ভোট নিজে কেন্দ্র, অন্য রাজ্যে কোথায় ভোট লুট দিকি। এবার চোখ রাখাও নিপুলন দেখানো বন্ধ করুন। গত বছর রামনবমীর মিছিলে রাজ্যের মুখ্যমন্ত্রীর উল্লানিতে রিঘড়া, হাওড়া শিবপুর , ডালখোলা, তেলিনি পাড়াতে গন্ডগোলের সৃষ্টি হয়েছে। গোটা বাংলার মানুষ জানে এই মুখ্যমন্ত্রী মিথ্যা ছাড়া কোনদিন সত্য কথা বলেননি অন্যদিকে সিঙ্গুর টাটার কারখানা প্রসঙ্গে এবারে হুগলির বিজেপি বিদায় সাংসদ লকেট চট্টোপাধ্যায় বলেন , আমরা সরকারে এলে টাটার কারখানা ফিরিয়ে আনব। সিঙ্গুরের মানুষ কে গত ১২ বছর ধরে নানাভাবে ধোঁকা দিয়েছেন মমতা বন্দ্যোপাধ্যায়। বাংলার শিল্পের পরিবেশ আছে। কিন্তু তৃণমূলের সিভিকিটে রাজ্যের কারণে শিল্পপতিরা আসছেন না। ছেলেরা কাজ পাচ্ছে না। বেকারের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। আমরা বাংলায় শিল্প লক্ষ্মী আনব। সিঙ্গুরের ক্ষেত্রে টাটারা এখনো একশো শতাংশ অপ্রতী। সিঙ্গুর থেকে টাটা প্রকল্প গুজরাটে সরে যাওয়ার পরে সেই জমিতে কৃষি শিল্প কোনটাই হয়নি। পুরনো ইসু ২৪ এর ভোটে কতটা প্রভাব ফেলতে পারবে এখন সেটাই দেখার। এদিন নির্বাচনের জনসভায় যুব তৃণমূলের দেড় হাজার ছেলেরা জার্সি বদলি বিজেপির পতাকা তুলে নেন।

রেফার করা হয় , সরযু মন্ডল কে বক্ষয় তে ভর্তি করে আর সীমা মন্ডলের জ্ঞান হেরায় হাসপাতালের জেনারেল বেডে ভর্তি করা হয়। তবে এই ঘটনায় প্রতিবেশী সহ আশ্রীঘরা রীতিমতো আতঙ্কিত। ঘটনার তদন্ত শুরু করেছে বসিরহাট থানার পুলিশ ।

ক্যানিংয়ে প্রাক্তন শ্বশুরের হাতে আক্রান্ত যুবক

দুরন্ত বার্তা, ক্যানিং, ১০ এপ্রিল : স্ত্রীর সাথে ছমাস আগেই ছাড়াছাড়ি হয়েছিল। কিন্তু মঙ্গলবার রাত আচমকাই প্রাক্তন শ্বশুর লোকজন নিয়ে এসে হামলা চালায় যুবকের উপর। ঘটনায় লালচাঁদ মীর নামে ওই যুবক গুরুতর জখম হন। তাঁকে স্থানীয়রা উদ্ধার করে ক্যানিং মহকুমা হাসপাতালে ভর্তি করেন। এই ঘটনায় অভিযুক্ত শ্বশুর হাজিরুল ঘরামী ঘটনার পর থেকেই পলাতক। বুধবার দুপুরে এ বিষয়ে ক্যানিং থানায় লিখিত অভিযোগ দায়ের হয়েছে। অভিযোগের ভিত্তিতে শুরু হয়েছে তদন্ত। লালচাঁদ বলেন, গোলাবাড়ি বাজারে ঈদের বাজার করছিলাম, আমকইই উনি লোকজন নিয়ে এসে আমাকে তুলে নিয়ে গিয়ে বেধড়ক মারধর করেন। ওনার মেয়ের সাথে আমার ছমাস আগেই ডিভোর্স হয়ে গিয়েছে। তবুও এভাবে আমাকে মারধর করল।

জাভালগীরা নেই । দিল্লি পুলিশ অমিত শাহজির দফতরের হাতে । এর আগে রাজঘাটে, কৃষি ভবনে সভাপতিমি করছিল।। ডাভার বাড়ি খেয়েছে । সেটা মনে পড়ে গিয়েছে, তাই উঠে পালিয়ে এসেছে ।বিজেপির সুন্ন কান্তিলালকে পিএসির চেয়ারম্যান নিয়োগ করা হয়েছে। এ বিষয়ে শুভেন্দু অধিকারী বলেন, অধ্যক্ষ বা যে-ই করে থাকুন, আগামিকাল নির্বাচন কমিশনে জানাব। ইতিমধ্যে দার্জিলিং সৌরসভায় টিমাটি নিয়োগ হয়েছিল। রাজু বিস্তার অভিযোগে সেগুলি বাতিল হয়েছে। তিনি যত বড় পোস্টেই থাকুন না কেন, নির্বাচন আচর্যবিধি চলাকালীন সুন্ন কালজিলাল বিজেপির বিধায়ক এভাবে রাজনৈতিক অ্যাপয়েন্টমেন্ট দেওয়া যায় না। নির্বাচন কমিশনের সিআইও সেশপাল অবজারভাটকে সচিব ও অধ্যক্ষের বিরুদ্ধে লিখিত অভিযোগ করা হতে ।

নির্বাচন কমিশন রাজ্য পুলিশকে সতর্ক করেছে

দুরন্ত বার্তা, কলকাতা, ১০ এপ্রিল : রামনবমীতে অপ্রীতিকর ঘটনা এড়াতে নির্বাচন কমিশন রাজ্য পুলিশকে সতর্ক করেছে। গতবার যে যে জায়গায় গন্ডগোলের পরিস্থিতি তৈরি হয়েছিল, সেখানে বিশেষভাবে পুলিশ এবং কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করার নির্দেশ দেওয়া হয়েছে। বিশেষ পুলিশ পর্যবেক্ষক এজিভি আইন-শৃঙ্খলাকে রাম নবমীতে রাজা জুড়ে পরিস্থিতি স্থানান্তরিত করতে সমস্ত রকম ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছেন।

ব্যাগ ফিরিয়ে দিল আরপিএফ

দুরন্ত বার্তা, কলকাতা, ১০ এপ্রিল : আজ অর্থাৎ ১০.০৪.২০২৪ প্রায় ১২,০৫ টার, নেতাজি মেট্রো স্টেশনে দায়িত্বরত একজন মহিলা আরপিএফ কর্মীরা লাগেজ স্ক্যানার মেশিনের কাছে পড়ে থাকা একটি দাবিহীন ব্যাগ উদ্ধার করেন এবং এই স্টেশনের স্টেশন সুপারিনটেনডেন্টের অফিসে জমা দেন। পরে ব্যাগটি পিরিয়ে দেয় আরপিএফ।

কলকাতা বিমানবন্দরে বিমানযাত্রীর ’’এমার্জেন্সি এক্সিট’’ খোলার চেষ্টা

দুরন্ত বার্তা, কলকাতা, ১০ এপ্রিল : হায়দরাবাদ থেকে কলকাতাগামী বিমানে এক যাত্রীর কাণ্ডে হুড়াল তীব্র চাঞ্চল্য। অভিযোগ, বিমানের এমার্জেন্সি গেট খোলার চেষ্টা করেন তিনি। যে কারণে আতঙ্ক ছড়ায় বাকি যাত্রীদের মধ্যে। ইতিগো ৬ই ৬৪৯৪ বিমানে ঘটে এই ঘটনা। সুত্রের খবর, মঙ্গলবার বিমানটি নিজামের শহর থেকে দমদম বিমানবন্দরে অবতরণের পর ১৮ এফ সিটে বসা যাত্রী আবুজার মণ্ডল কেবিন ক্রুদের নির্দেশ না মেনে বিমানের ডানার উপরে থাকা ওভার উইং এক্সিট স্টার বোর্ড সাইড স্ক্র্যাপ খোলার চেষ্টা করছিলেন বলে অভিযোগ। সঙ্গে সঙ্গে তাঁকে বাধা দেন বিমানকর্মীরা। কিন্তু তা সত্ত্বেও তিনি সে কথায় কান না দিয়ে এমার্জেন্সি স্ক্র্যাপটি খোলার চেষ্টা চালিয়ে যান। এর পরেই সংশ্লিষ্ট বিমান কর্তৃপক্ষ নিরাপত্তার দায়িত্বে থাকা সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্সের অধিকারিকদের খবর দেয়। রক্ষীরা ওই যাত্রীকে বিমান থেকে নিচে নামিয়ে আনেন। ওই যাত্রীকে আনরুলি হিসেবে চিহ্নিত করা হয়। পরবর্তী সময়, ওই যাত্রীকে আটক করে নেতাজি সুভাষচন্দ্র বোস বিমানবন্দর থানার হাতে তুলে দেওয়া হয় বলে বিমানবন্দর সূত্র মারফত খবর। তবে এমন ঘটনায় বেশ খানিকক্ষণের জন্য চাঞ্চল্য সৃষ্টি হয়। বিমান থেকে অবতরণের ক্ষেত্রে অতিরিক্ত সময়ও লাগে যাত্রীদের বলেই জানা গিয়েছে।

চন্দননগরে ভুয়া চিটফান্ড, খেটে খাওয়া মানুষরা সর্বস্বান্ত

দুরন্ত বার্তা, হুগলি, ১০ এপ্রিল : ফের চন্দননগর ভাকুন্ডাতে এলিট কোম্পানি নামে একটি চিট ফান্ড খোলা হয়। এই কোম্পানির মালিক রয়েছেন শুভেন্দু বিকাশ চক্রবর্তী ও তার স্ত্রী জ্যোতা চক্রবর্তী। এই চিট ফান্ডে কোটি কোটি টাকা জমা রাখেন ব্যক্তিরা। তাদের মধ্যে কোন গোদলপাড়ার বাসিন্দা অনিতা কাহার দু বছরের টাকা দ্বিগুণ হওয়ার লোভে কুড়ি হাজার টাকা জমা রাখেন। সেই টাকা পাওয়ার আশা ত্যাগ করেন। চন্দননগর থানায় পুরো বিষয়টি জানান। চন্দননগর থানায় পুলিশ কমিশনারেট নিম্ন আদালতের নির্দেশকেও কার্যত আমল দিচ্ছেন না। বিগত দুই থেকে তিন বছর ধরে এই বেসরকারি অর্থনীতি সংস্থা বহু অসহায় মানুষের সম্বল তথা অর্থ নয় হয় করে। কিন্তু সেই অর্থলগ্নি সংস্থার প্রধান অভিযুক্ত মালিক শুভেন্দু বিকাশ চক্রবর্তী ও তার স্ত্রী জ্যোতা চক্রবর্তী বহাল তথ্যিতেএলাকায় দাপিয়ে বেড়াচ্ছেন। এখনো টাকা তুলছেন আবার প্রতারিতদের হুমকি দিচ্ছেন। তারা শহরের বিভিন্ন স্থানে সন্ধ্যা থেকে গভীর রাত পর্যন্ত এমনকি গোপন ভেয়ায় বৈঠক করছেন কিভাবে মানুষের সর্বনাশ করা যায়। আর লোকসভা নির্বাচনের আগে এলাকায় গন্ডগোল পাকানো যায়। এলাকার শান্তিপূর্ণ মানুষের জীবন গুণ্ণগত। যদিও এই চিট ফান্ডের মামলায় প্রধান অভিযুক্তদের মধ্যে শুভেন্দু বিকাশ চক্রবর্তী ও তার স্ত্রী জ্যোতা চক্রবর্তীকে জামিনের আর্জি খারিজ করেন টুচুড়া জেলা আদালত। কিন্তু আদালত ও থানা কে বুদ্ধাঙ্গুল দেখিয়ে তারা বিভিন্ন অপরাধ মূলক কাজ করে চলেছেন। আদালতের নির্দেশ না মানায় পুলিশের প্রবণতার বিরক্ত হাইকোর্ট থেকে জেলা আদালত। পুলিশের রহস্যজনক কারণে এই দীর্ঘ সুত্রতা বরদাস্ত করবেন না আদালত। রাজ্যে হয়ে যাওয়া প্রচুর চিটফান্ড কাণ্ডের শুনানিতে কলকাতা হাইকোর্টে ১৪০টি চিটফান্ডের শুনানি চলছে।

গোলাবাড়ি থানার পুলিশের নাকা চেকিংয়ে উদ্ধার প্রায় ৫৮ লাখ টাকা

দুরন্ত বার্তা, গোলাবাড়ি, ১০ এপ্রিল : গোলাবাড়ি থানা এলাকায় পুলিশের নাকা চেকিংয়ে উদ্ধার প্রায় ৫৮ লাখ টাকা। বুধবার দুপুরে হাওড়ার গোলাবাড়ি থানা এলাকায় নাকা চেকিং চলার সময় একটি হুন্ডা রঙের ট্যাক্সি চালক করা হয়। ওই ট্যাক্সিতে রাজ্যপ্রদেশের সাতবার বাসিন্দা ভূপেন্দ্র সিং (৩৪) এবং মধ্যপ্রদেশের রেওয়া’র বাসিন্দা প্রশান্ত সোনি (৩৯) নামের দুই ব্যক্তির কাছ



থেকে নগদ ওই বিপুল পরিমাণ টাকা বাজেয়াপ্ত করা হয়। পুলিশ জানিয়েছে, দুটি কানো রঙের ব্যাগে করে ওই নগদ টাকা নিয়ে যাচ্ছিল যা ওই দুই ব্যক্তির কাছে রাখা ছিল। গননা করার পরে জানা যায় বাজেয়াপ্ত টাকার পরিমাণ ৫৮ লক্ষ ৭১ হাজার। ধৃতদের মধ্যে ভূপেন্দ্র সিং জানান, কলকাতার বড়বাজার থেকে গয়না কেনার জন্য এই টাকা আনা হচ্ছিল। দুজনই তাঁরা কুরিয়ার হিসেবে কাজ করেন। এই টাকা তাদের দিয়েছিলেন প্রদীপ মিশ্র নামের এক সোনা ব্যবসার ম্যানেজার। পুলিশ আরও জানিয়েছে, ওই ই সন্দেহভাজন ব্যক্তি মঙ্গলবার জবলপুর থেকে ট্রেনে উঠেছিলেন এবং মানিকপুরে নেনে তারপর চম্বল এক্সপ্রেস ধরে বর্ধমানে এসেছিলেন। সেখান থেকে তারা কোন্নগর পর্যন্ত লোকাল ট্রেনে উঠেছিলেন। আটক হওয়ার আগে কোন্নগর থেকে তারা ট্যাক্সিতে উঠেছিলেন। ওই সন্দেহভাজন ব্যক্তির নগদ সংক্রান্ত কোনও নথি দেখাতে পারেননি। ফলে পুলিশ তাদের নগদ টাকা-সহ আটক করে। এই বিষয়ে প্রযোজ্যতিনি সব আইনি পদক্ষেপ নেওয়া হচ্ছে। আইটি দফতরকে বিষয়টি অবহিত করা হয়েছে।



আজ শ্রীরামপুর লোকসভা কেন্দ্রের বিজেপি মনোনীত প্রার্থী বিশিষ্ট আইনজীবী কবির শঙ্কর বোস জনসংযোগের মাধ্যমে প্রচার করছেন ডোমজুড় বিধান সভা কেন্দ্রে । ছবি সুবল সাহা ।

দ্রুত স্থায়ী উপাচার্য নিয়োগের জন্যে পদক্ষেপ নেওয়ার আবেদন

দুরন্ত বার্তা, কলকাতা, ১০ এপ্রিল : রাজ্যের সঙ্গে আলোচনা করে ৩১টি বিশ্ববিদ্যালয়ে দ্রুত স্থায়ী উপাচার্য নিয়োগের জন্যে পদক্ষেপ নেওয়ার আবেদন জানিয়ে রাজ্য সরকার রাজ্যপাল সিন্ডি আনন্ড বোসকে চিঠি দিয়েছে। উচ্চশিক্ষা দপ্তর থেকে দেওয়া চিঠিতে যে সব বিশ্ববিদ্যালয়ে বেকাইনি ভাবে উপাচার্য নিয়োগ করা হয়েছে তােদের নিয়োগপত্র প্রত্যাহার সহ সম্প্রতি চারটি বিশ্ববিদ্যালয়ে উপাচার্য নিয়োগ নিয়ে রাজ্যবসেনের তরফে যে নির্দেশ দেওয়া হয়েছে তাও প্রত্যাহার করার কথা বলা হয়েছে বলে শিক্ষা দপ্তর সূত্রে জানা গিয়েছে।

টলি-বলি

সুচিত্রা সেনের সিনেমা ও জীবনের আজানা কাহিনী

আজও বাঙালির মনে চির অমলিন সুচিত্রা সেনের হাসি। তাঁর সম্পর্কে আজও মানুষের নানা কৌতূহল। বাংলা ছবির সর্বকালের সবচেয়ে জনপ্রিয় মহানায়িকা তিনিই। তাঁর সঙ্গে তুলনা করা যায় না কারও। আজ এই কিংবদন্তি অভিনেত্রীর জন্মদিন।

১৯৩১ সালের ৬ এপ্রিল, সেদিন বাংলাদেশের পাবনার করুণাময় ও হিন্দীরা দাশগুপ্তর সংসারে যোগ হলো নতুন মেয়ে সদস্য। মেয়ের নাম রাখা হলো কৃষ্ণা। কৃষ্ণার পিতামহ জগবন্ধু দাশগুপ্ত সাধ করে আরেকটি নাম রাখলেন, রমা। কিন্তু কে জানত পাবনায় বেড়ে ওঠা সেই রমা দাশগুপ্ত একদিন এই নামকে ছাড়িয়ে সুচিত্রা সেন নামে ওপার-ওপার উভয় বাংলা দাপিয়ে বেড়াবেন। নিজের প্রতিভা দিয়ে জয় করে নেবেন সবার মন। পরিবারের সঙ্গে কলকাতায় চলে গেলেও নিজের প্রতিভা ছড়িয়ে দিয়েছেন এপারেও। জন্মদিনে সুচিত্রা সেনের জীবনের ১০টি উল্লেখযোগ্য দিক তুলে ধরা হলো এখানে। সুচিত্রার বাংলা সিনেমায় অভিষেক নাটকীয় হলেও হিন্দি সিনেমার অভিষেক ছিল সাফল্যে ভরা। বলিউডে প্রথম ছবি ‘দেবদাস’। এই ছবিতে পার্বতী চরিত্রে স্মরণীয় অভিনয়ের জন্য সেবা অভিনেত্রীর পুরস্কার পান সুচিত্রা সেন। আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে সেবা অভিনেত্রীর পুরস্কারজয়ী প্রথম বাঙালি অভিনেত্রী ছিলেন সুচিত্রা সেন। ১৯৬৩ সালে মস্কো চলচ্চিত্র



উৎসবে ‘সাত পাকে বাঁধা’ ছবির জন্য এই স্বীকৃতি পান তিনি। ভারত সরকার ১৯৭২ সালে তাঁকে পদ্মশ্রী সম্মাননা দেয়।

বলিউডে শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের ‘দেবদাস’ অবলম্বনে বেশ কয়েকটি কাজ হয়েছে। এগুলোয় পার্বতী বা পারু চরিত্রে অভিনয় করেছেন অনেক। তবে হিন্দি ছবিতে প্রথম এ চরিত্রে দেখা গেছে সুচিত্রা সেনকে।

সুচিত্রা সেনের ‘আন্ধি’ গুজরাটে মুক্তির পর ২০ সপ্তাহ



নিষিদ্ধ ছিল। কারণ, তিনি বিতর্ক সৃষ্টি হয়। ১৯৭৭ সালে জনতা পার্টি ক্ষমতাসীন হওয়ার পর গুজরাটের সরকার টেলিভিশন চ্যানেলে প্রচারিত হয়



গান্ধীর ছাঁয়া। থাকার কারণে বিতর্ক সৃষ্টি হয়। ১৯৭৭ সালে জনতা পার্টি ক্ষমতাসীন হওয়ার পর গুজরাটের সরকার টেলিভিশন চ্যানেলে প্রচারিত হয়

ছবিটি।

চলচ্চিত্র থেকে সরে দাঁড়ানোর পর স্বেচ্ছায় অন্তরালে চলে যান সুচিত্রা সেন। এর পর থেকে বেশির ভাগ সময় রামকৃষ্ণ মিশনে কেটেছে তাঁর। নির্জন ও নিভৃত জীবন যাপন করায় হলিউড কিংবদন্তি গ্রেটা গার্বোর ব্যক্তিত্বের সঙ্গে তাঁর মিল বুজিয়েছেন অনেকে।

উত্তমকুমারের সঙ্গে সুচিত্রা সেনের জুটি বাংলা ছবির ইতিহাসে চিরস্মরণীয়। ১৯৫৩ সালে মুক্তিপ্রাপ্ত ‘সাদে চুয়াত্তর’ ছবিতে প্রথমবার এক ফ্রেমে দেখা যায় তাঁদের। তাঁরা একসঙ্গে প্রায় ৬০টি ছবিতে অভিনয় করেন। অস্কারজয়ী পরিচালক সত্যজিৎ রায় ‘চৌধুরানী’ চলচ্চিত্রে অভিনয়ের প্রস্তাব দেন। ব্যস্ততার জন্য সময় দিতে না পারায় কাজ করতে অপারগতা প্রকাশ করেন সুচিত্রা সেন। পরে চলচ্চিত্রটি নির্মাণই করেননি সত্যজিৎ। সুচিত্রা সেন অভিনীত বাংলা সিনেমার সংখ্যা ৫২, পাশাপাশি ৭টি হিন্দি সিনেমায় তিনি অভিনয় করেছেন। ‘উত্তর ফাল্গুনী’ ছবিতে যৌনকর্মী পান্নাবাই ও তাঁর কন্যা আইনজীবী সুপর্ণার দৈত চরিত্রে অভিনয় করেন সুচিত্রা সেন। সুচিত্রা সেনই একমাত্র ভারতীয় অভিনয়শিল্পী, যিনি দাদাসাহেব ফালকেকে পুরস্কার গ্রহণে অস্বীকৃতি জানিয়েছেন। পুরস্কারটি পাওয়ার জন্য অনুযায়ী নয়াদিল্লিতে যেতে হতো তাঁকে। কিন্তু তিনি জনসমক্ষে আসতে চাননি। ১৯৫২ সালে নির্মিত সুচিত্রা সেনের প্রথম বাংলা ছবি ‘শেষ কোথায়’ কখনো মুক্তি পায়নি।

রাফায় স্থল অভিযান শুরুর তারিখ ঠিক হয়ে গেছে: নেতানিয়াহু

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্ক : ফিলিস্তিনের গাজার রাফা এলাকায় ইসরায়েলি বাহিনীর স্থল অভিযান কবে শুরু করা হবে, তা ঠিক হয়ে আছে বলে জানিয়েছেন দেশটির প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু। গতকাল সোমবার এ তথ্য দেন তিনি। তবে নিশ্চিত করে কোনো দিন-তারিখের কথা উল্লেখ করেননি।নেতানিয়াহু এমন সময়



নামখানা ব্রকের শিবরামপুর গ্রামের সাত মাইল বাজারে নির্বাচনী প্রচারণে মথুরাপুর লোকসভা কেন্দ্রের মনোনীত তৃণমূল কংগ্রেসের প্রার্থী বাপি হালদার। উপস্থিত ছিলেন সুন্দরবন উদ্যান মন্ত্রী বঙ্কিমচন্দ্র হাজারা, ছিলেন দক্ষিণ ২৪ পরগনার জেলা পরিষদের সহকারী সভাপতিত্ব শ্রীমন্ত কুমার মালি, ছিলেন জেলা পরিষদের সদস্য অধিলেশ বরুই সহ তৃণমূলের অন্যান্য কর্মীবৃন্দ।

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্ক : এপ্রিল মাসেই গরমে নাহেজাল সাধারণ মানুষ। আগামী দিনে প্রায় ৪০ ডিগ্রি পর্যন্ত তাপমাত্রা ছুঁতে পারে বলে পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দফতর। এই আবহে যাত্রীদের জন্য সুখবর নিয়ে এল ভারতীয় রেল। এবার সামার স্পেশ্যাল পরিষেবা দিতে চলেছে রেল। বন্দে ভারত এক্সপ্রেসে মিলছে এই গ্রীষ্মকালীন পরিষেবা। রেলমন্ত্রকের তরফে জানানো হয়েছে, যাত্রীদের চাহিয়ার কথা মাথায় রেখে সামার স্পেশ্যাল বন্দে ভারত এক্সপ্রেস ট্রেন চালানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সাধারণত, গরমের সময় ট্রেনের এসি কামরার টিকিটের চাহিদা থাকে তুঙ্গে। সেক্ষেত্র মাথায় রেখে এবার বন্দে ভারতে অতিরিক্ত কামরা সংযোজন করা হবে। যাতে বেশি সংখ্যক যাত্রী বিশেষ পরিষেবাটি পেতে পারেন। জানা গিয়েছে, ইতিমধ্যেই



বন্দে ভারতের একটি রুটে সামার স্পেশ্যাল ট্রেন চালু হয়েছে। রেলের তরফে জানানো হয়েছে, সবথেকে বেশি চাহিদা রয়েছে কোথায়, তা খতিয়ে আগামী দিনে আরও কয়েকটি রুটে স্পেশ্যাল পরিষেবা দেওয়া হবে যাত্রীদের। বর্তমানে তামিলনাড়ুর চেন্নাই এগমোর থেকে নাগেরকোয়েল পর্যন্ত ছুটছে সামার স্পেশ্যাল বন্দে ভারত।

গ্রীষ্মকালীন বিশেষ ট্রেন

কলকাতা, ১০ই এপ্রিল : গ্রীষ্মকালে যাত্রীদের অতিরিক্ত ভিড়ের কথা মাথায় রেখে নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী সামার স্পেশ্যাল ট্রেন চালানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে, ০২৬৩৯০২৬৪০ শালিমার মালতিপাতপুর (পুরী)-শালিমার গ্রীষ্মকালীন বিশেষ, ০২৬৩৯ শালিমার মালতিপাতপুর স্পেশ্যালটি ১৪.০৪.২০২৪ থেকে ৩০.০৬.২০২৪ পর্যন্ত প্রতি রবিবার ২১.২৫ ঘট্টায় শালিমার থেকে ছাড়বে এবং পরের দিন ০৫.৫০ মিনিটে মালতিপাতপুরে পৌঁছাবে। ফেরার পথে, ০২৬৪০ মালতিপাতপুর - শালিমার স্পেশ্যাল ১৫.০৪.২০২৪ থেকে ০১.০৭.২০২৪ পর্যন্ত প্রতি সোমবার ২৩.৫০ মিনিটে

পরের দিন ০৮.৫০ মিনিটে শালিমার পৌঁছাবে। বিশেষ ট্রেনটির স্টপেজ থাকবে সাঁতরাগাছি, খড়গপুর এবং দক্ষিণ পূর্ব রেলওয়ের বালেশ্বর। ০২২২৩০৭২২৪ সেকেন্দ্রাবাদ সাঁতরাগাছি সেকেন্দ্রাবাদ সামার স্পেশ্যাল, ০৭২২৩ সেকেন্দ্রাবাদ-সাঁতরাগাছি স্পেশ্যালটি প্রতি শুক্রবার ১১.০৪.২০২৪ থেকে ২৮.০৬.২০২৪ পর্যন্ত ০৭.০৫ টায় সেকেন্দ্রাবাদ ছেড়ে যাবে এবং পরের দিন ১০.৩০ টায় সাঁতরাগাছি পৌঁছাবে। ফেরার পথে, ০৭২২৪ সাঁতরাগাছি-সেকেন্দ্রাবাদ স্পেশ্যাল সাঁতরাগাছি থেকে প্রতি শনিবার ২০.০৪.২০২৪ থেকে ২৯.০৬.২০২৪ পর্যন্ত ১২.২০ টায় ছেড়ে যাবে এবং পরের দিন ১৪.৪৫ টায় সেকেন্দ্রাবাদে পৌঁছাবে। বিশেষ ট্রেনটির স্টপেজ

Name Change
I SWADES RANJAN DAS, C/O LATE ASHBANI DAS, R/O VILL KANAKPUR UTTAR PARA, PO NARANDA, EAST MEDINIPUR, PIN-71139, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS SWADESH DAS, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 06/03/2024. THAT SWADES RANJAN DAS AND SWADESH DAS ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change
I SUNIL RANJAN MUKHOPADHYAY, SON OF LATE MOTILAL MUKHERJEE, RESIDING AT 51 DHARMATALA LANE, SHIBPUR, HOWRAH-711102, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS SUNIL MUKHOPADHYAY VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 10/04/2024. THAT SUNIL RANJAN MUKHOPADHYAY AND SUNIL MUKHOPADHYAY BOTH ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change
I ABUL HUSEN, SON OF KASID MIRJA, RESIDING AT 20/1 PILKHANA 3RD BY LANE, HOWRAH -711101, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS ABUL HASAN VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 10/04/2024. THAT ABUL HUSEN AND ABUL HASAN BOTH ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change
I SUSMITA MITRA SANTRA, WIFE OF PRANAY MITRA, RESIDING AT BKOOK-2, FLAT-1A, 988 MADURDAH, PO-E.K.T.P, PS-ANANDAPUR, KOLKATA -700107, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS SUSMITA SANTRA VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 10/04/2024. THAT SUSMITA MITRA SANTRA AND SUSMITA SANTRA BOTH ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

নাম পরিবর্তন
আমি, Neeta Ben Sanjeev Patel (পূর্বাতন নাম) স্বামী Sanjeev Patel , ঠিকানা- 483, Parnasree Pally, Flat No- 4/B, LP 140/22/5 Behala, P.S.- Parnasree, Kolkata- 700060, West Bengal, India, কলকাতায় নোটারি পাবলিক, Dated 09.04.2024 এর Affidavit দ্বারা আমার নাম এখন থেকে Neeta Patel (নতুন নাম) নামে পরিচিত হলাম। Neeta Patel (নতুন নাম) এবং Neeta Ben Sanjeev Patel (পূর্বাতন নাম) একই ব্যক্তি।

নাম পরিবর্তন
আমি, Benny John (পূর্বাতন নাম) পিতা Late Neelanireppal John Ulahanan, ঠিকানা- BTS.RRA-110, VAKAYIL HOUSE,BTD ROAD, EDAPALLY, STATE-KERALA, DIST- ERNAKULAM, PIN- 682024, India , কলকাতায় নোটারি পাবলিক, Dated 09/04/2024 এর Affidavit দ্বারা আমার নাম এখন থেকে Neelanireppal Benny John (নতুন নাম) নামে পরিচিত হলাম। Neelanireppal Benny John (নতুন নাম) এবং Benny John (পূর্বাতন নাম) একই ব্যক্তি।

Name Change
I, AKTARUZZAMA (old name) S/O BADIUZZAMAN, residing at 15, RAJAB ALI LANE, Kolkata- 700023, West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) AKHTARUZZAMA (new name) vide an affidavit sworn before Notary public at Kolkata on 10/04/2024. AKHTARUZZAMA (new name) and AKTARUZZAMA (old name) both are same identical person.

Name Change
I ALI AKBAR MOHAMMED ZARIF, S/O MOHAMMED TAYEBBHAI ZARIF, R/O 20, CURRIE ROAD DWARIKA COMPLEX SHIBPUR BUNGALOW-42, HOWRAH -711104, WEST BENGAL, PS B GARDEN, SHALL HENCEFORTH BE KNOWN AS ALI AKBAR ZARIF, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 10/04/2024, THAT ALI AKBAR MOHAMMED ZARIF AND ALI AKBAR ZARIF ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change
I PRERNA DHELIA, WIFE OF OM PRAKASH TIWARI, RESIDING AT SANTANA NIWAS, FLAT-4C, 38/53/1 S.K DEB ROAD, LAKE TOWN, KOLKATA - 700048, WEST BENGAL, DO HEREBY INFORM THAT MY MINOR CHILD VANI SONTALIA SHALL HENCEFORTH BE KNOWN AS VAAINI TIWARI VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE LD METROPOLITAN MAGISTRATE AT KOLKATA ON 09/04/2024, THAT VANI SONTALIA AND VAAINI TIWARI BOTH ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change
I PAYAL DUTTA, W/O- RAJESH DUTTA, R/O- 63/9 BAMACHARAN ROY ROAD, SHYAMPALLY BEHALA, PO & PS-BEHALA, KOLKATA- 700034WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS PAYAL TRIVEDI, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 09/04/2024. THAT PAYAL DUTTA AND PAYAL TRIVEDI ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change
I QURESHA BEGUM, W/O AZAM GHOSH, R/O 21, TEMPLE STREET, BOW BAZAR, KOLKATA -700072, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS QURESHA BEGUM GHOSH, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 10/04/2024, THAT QURESHA BEGUM GHOSH AND QURESHA BEGUM ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change
I ABDUL HAQUE, S/O FAZELI MANDAL, R/O PANCHPUKURIA, BI-RAHI, PS- HARINGHATA, RANAGHAT-741225, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS GARIB MANDAL, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 10/04/2024, THAT GARIB MANDAL AND ABDUL HAQUE ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change
I ASHIS ADWAITANANDA CHAKROBORTY, S/O ASHUTOSH CHAKRABORTY, R/O 21, PARUL KANCHACHA ROAD, SARJUNA, PS PARNASREE, KOLKATA -700061, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS ASHIS ADWAITA NANDA CHAKRABORTY, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 10/04/2024, THAT ASHIS CHAKROBORTY AND ASHIS ADWAITA NANDA CHAKRABORTY ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change
I ANANTA KUMAR MAITY, S/O LAKSHMAN CHANDRA MAITI, R/O SURATCHAK, PO-JHANJIA, WEST MEDINIPUR -721124, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS ANANTA MAITY, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 10/04/2024, THAT ANANTA MAITY AND ANANTA KUMAR MAITY ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change
I MOHAMMAD ASLAM, S/O NIJAMUDDIN MONDAL, R/O PUMILIA, TALIKHOLA, CHAKHAD, RANAGHAT -741222, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS MD ASLAM , VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 10/04/2024, THAT MD ASLAM AND MOHAMMAD ASLAM ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change
I MANISH KUMAR GUPTA, S/O NAGENDRA PRASAD, R/O C-2/16, KWIC, NH-6, OPPOSITE TO JOYVILLE GATE, PO BANKRA, HOWRAH -711403, WEST BENGAL, DO HEREBY INFORM THAT MY MINOR DAUGHTER RUDRANSHI RATHORE GUPTA SHALL HENCEFORTH BE KNOWN AS RUDRANSHI GUPTA, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 10/04/2024, THAT RUDRANSHI GUPTA AND RUDRANSHI RATHORE GUPTA BOTH ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change
I SANJOY SARKER(OLD NAME)/S/O LATE BHABATOSH SARKER R/O-1NO.GATE SHRINAGAR MADHYAMGRAM,P.S-MADHYAMGRAM,NORTH 24 PARGANAS, PIN-700129, West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) Sahabanu Bibi (new name) vide an affidavit sworn before Notary public at Kolkata on 10/04/2024. Sahabanu Bibi (new name) and Sahalam Sk (old name) both are same identical person.

NAME CHANGE
I (Pallavi Braj Kishore Singh) D/o. (Braj Kishore Prasad Singh) / W/o. (Avishek Kumar) Residing at (QTR No. H/3, Dum Dum Estate Kolkata- 700028 District: North 24 Parganas, shall henceforth be known as (Pallavi Singh) as declared before the First Class Judicial Magistrate court, (North 24 Pargnas/ Kolkata) vide affidavit no 90AB 008120 Dated. 27/3/2024 (Pallavi Braj Kishore Singh) and (Pallavi Singh) both are same and identical person.

নাম পরিবর্তন
আমি, Sanjoy Sarker (পূর্বাতন নাম) পিতা Late Bhabatosh Sarker , ঠিকানা- 1 No. Gate Shrinagar Madhyamgram, P.S.- Madhyamgram, DIST- North 24 Parganas, PIN- 700129, West Bengal, India, কলকাতায় নোটারি পাবলিক, Dated 09/04/2024 এর Affidavit দ্বারা আমার নাম এখন থেকে Sanjoy Sarker (নতুন নাম) নামে পরিচিত হলাম। Sanjoy Sarker (নতুন নাম) এবং Sanjoy Sarker (পূর্বাতন নাম) একই ব্যক্তি।

Name Change
I, Sahalam Sk (old name) W/O Latibul Rahaman Sk, D/ O Sattar Pakhira, residing at Vill. & P.O.- Champi, P.S.- Mahishadal, Dist-East Medinipur, Pin- 721628, West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) Sahabanu Bibi (new name) vide an affidavit sworn before Notary public at Kolkata on 10/04/2024. Sahabanu Bibi (new name) and Sahalam Sk (old name) both are same identical person.

নাম পরিবর্তন
আমি মমতা অধিকারী (Mamata Adhikari) (old name) স্বামী তপস অধিকারী ঠিকানা ৪৮৮/১, নন্দপল্লী, এ-ব্লক, পোস্টঅফিস- সৈহাটি, উত্তর ২৪ পরগনা- ৭৪৩১৬৫, পশ্চিমবঙ্গ, নোটারি পাবলিক কলকাতা Affidavit দ্বারা মমতা অধিকারী (Mamata Adhikari)(new name) নামে পরিচিত হলাম। Affidavit No. 31/24 dated 05/04/2024। মমতা অধিকারী (Mamata Adhikari) (old name) এবং মমতা অধিকারী (Mamata Adhikari)(new name) একই ব্যক্তি।

Name Change
I, Nikky Agarwal (Old Name) D/o Rajkumar Agarwal W/o Bajrang Kumar Garg Residing at Block -4, Flat-4G Space Town Housing Complex , Raghunathpur, Kolkata Airport S.O. Kolkata, W.B- 700052 , India shall henceforth be known as Nikky Garg (New Name) as declared before the Notary Public Kolkata vide affidavit Dated 09-04-2024. Nikky Agarwal Garg (Old Name) and Nikky Garg (New Name) both are same and one identical person.

Name Change
I, Shrest Agarwal Garg (Old Name) S/o Bajrang Kumar Garg Residing at Block -4, Flat-4G Space Town Housing Complex , Raghunathpur, VTC+PO- Kolkata Airport, Kolkata,W.B- 700052 , India shall henceforth be known as Shrest Garg (New Name) as declared before the Notary Public Kolkata vide affidavit Dated 09-04-2024. Shrest Agarwal Garg (Old Name) and Shrest Garg (New Name) both are same and one identical person.

Name Change
I, Puspa Roy (Old Name) D/o Niranjan Shaha W/o Indrajit Roy Residing at E-302 Melange Residences, Bhoirwadi Phase Vllage, Hinjawadi Maan -3 Man, Pune, Maharashtra -411057, India shall henceforth be known as Puspha Roy (New Name) as declared before the Notary Public Kolkata vide affidavit Dated 10/04/2024. Puspa Roy (Old Name) and Puspha Roy (New Name) both are same and one identical person.

Name Change
I, Sakina Khatoon (Old Name) W/o Syed Afzal Hussain Residing at 28 No. Madar Tala Lane, Haora, VTC: Haora Corporation, P.O.- Haora Dist.- Haora, Pin- 711101, W.B., shall henceforth be known as Sakeena Khatoon (New Name) as declared before the Notary Public Kolkata vide affidavit Dated 10-04-2024. Sakina Khatoon (Old Name) and Sakeena Khatoon (New Name) both are same and one identical person.

Name Change
I, Bajrang Agarwal alias Bajrang Agarwal Garg alias Bajrang Garg (Old Name) S/o Late Pritam Kumar Garg Residing at Space Town Housing Complex Block-4, Flat-4G V.T.C Road Raghunathpur, Kolkata Airport S.O. Kolkata, W.B- 700052 , India shall henceforth be known as Bajrang Kumar Garg (New Name) as declared before the Notary Public Kolkata vide affidavit Dated 09-04-2024. Bajrang Agarwal, Bajrang Agarwal Garg and Bajrang Garg (Old Name) and Bajrang Kumar Garg (New Name) All are same and one identical person.

Name Change
I, Ritika Sen Roy alias Ritika Bhamhani (Old Name) D/o Pran Bhamhani W/o Santanu Sen Roy Residing at 27E/5 Baburam Ghosh Road, Regent Park, VTC Regent Park S O. Dist- Kolkata, W.B- 700040 , India shall henceforth be known as Ritika Bhamhani Sen Roy (New Name) as declared before the Notary Public Kolkata vide affidavit Dated 10-04-2024. Ritika Sen Roy, Ritika Bhamhani (Old Name) and Ritika Bhamhani Sen Roy (New Name) All are same and one identical person.

নাম পরিবর্তন
আমি বীথিকা দাস মন্ডল (Old Name) স্বামী সুনীল দাস, ঠিকানা শম্ভুদাস সন্ন্যাসী, পোস্ট অফিস-ন'পাড়া, থানা- বারাসাত, উত্তর ২৪ পরগনা, পিনকোড-৭০০১২৫, পশ্চিমবঙ্গ, নোটারি পাবলিক কোলকাতা কোর্টে দ্বারা বীথিকা দাস (New Name) নামে পরিচিত হলাম। Affidavit No. 01/24 dated 09/04/2024. বীথিকা দাস মন্ডল (Old Name) এবং বীথিকা দাস (New Name) একই ব্যক্তি।

নাম পরিবর্তন
আমি Pranab Kumar Chakraborty , পিতা Paresch Kumar Chakraborty , ঠিকানা- মথুরাপুর কল্ট সেন, গোবর্ধী গাড়া, ওয়ার্ড নং- ৪, ডাকঘর ও থানা- নলদিয়া, বেল্লা- নলদিয়া, পুন্না- ৭১৩০২৫, পশ্চিমবঙ্গ, নলদিয়া পৌরসভার অধস্তি, ব্যক্তি রূপে ভূমিসমিলি মালিকত্ব, নলদিয়া কোর্ট, নলদিয়া, পশ্চিমবঙ্গ- এর এজেন্সিতে মামলার প্রানব Pranab Kumar Chakraborty , পিতা- Paresch Chandra Chakraborty , নামে পরিচিত হলাম। Affidavit No. ১৫৮২, তারিখ- ০১.০২.২৪। Pranab Kumar Chakraborty পিতা Paresch Chandra Chakraborty এবং প্রানব কুমার Chakraborty পিতা Paresch Chandra Chakraborty একই ব্যক্তি।



বেশ কিছু দিন ধরে গুঞ্জন, বলিউড তারকা তাপসী পানু গোপনে বিয়ে করেছেন। তিনি তাঁর দীর্ঘদিনের প্রেমিক ম্যাথিয়াস বোর সঙ্গে সংসার করছেন বলে শোনা যাচ্ছে। তাঁদের বিয়ের একাধিক ভিডিও নেট দুনিয়ায় উড়ে বেড়িয়েছে। এত দিন তাপসী তাঁর বিয়ে নিয়ে মুখে কুলুপ এটে বসে ছিলেন। এবার তিনি তাঁর বিয়ে নিয়ে মুখ খুলেছেন। আর এই অভিনেত্রী ম্যাথিয়াসের সঙ্গে তাঁর বিয়ের খবর সত্যি বলে স্বীকার করেছেন। এক সাক্ষাৎকারে তাপসী তাঁর গোপন



বিয়ে নিয়ে খোলাখুলি কথা বলেছেন। বিয়ের প্রসঙ্গে অভিনেত্রী বলেন, ‘সত্যি বলতে আমি চাই না আমার ব্যক্তিগত জীবনকে জনসমক্ষে আনাতে, সচরাচর যে রকম হয়ে থাকে। আমি এমনই এক জীবন বেছে নিয়েছি। আমার সঙ্গী বা বিয়েতে আমন্ত্রিত অতিথিরা এ ব্যাপারে সিদ্ধান্ত নেননি। আমি নিজে এটা গোপন রেখেছি। তবে এটা গোপন রাখার কোনো অভিপ্রায় ছিল না আমার। আসলে আমি এটাকে সর্বজনীন করতে চাইনি।’ তাপসী আরও জানিয়েছেন যে তাঁর বিয়ের ছবি অনলাইনে আপলোড করার কোনো পরিকল্পনা তাঁর নেই। কারণ, তিনি এ বিষয়ে এখনো মানসিকভাবে প্রস্তুত নন। তাপসী বলেন,

‘আমার বিয়েতে যারা উপস্থিত ছিলেন, তাঁরা আমার জন্যই ওখানে ছিলেন। তাঁরা আমাকে ‘জাজ করার জন্য মোটেও সেখানে ছিলেন না। তাই আমি পুরোপুরি আনন্দে ছিলাম।’ গত ২২ মার্চ তাপসী আর ম্যাথিয়াস বো রাজস্থানের উদয়পুরে আনুষ্ঠানিকভাবে বিয়ে করেন। তাঁদের পক্ষ থেকে বিয়ের কোনো ছবি বা ভিডিও আপলোড করা হয়নি। তাপসী-ম্যাথিয়াস তাঁদের বিয়ের আনুষ্ঠানিক ঘোষণা পর্যন্ত দেননি। কিন্তু তাঁদের বিয়ের অনুষ্ঠানের কিছু ভিডিও নেট দুনিয়ায় ভাইরাল হয়েছিল। এই সাক্ষাৎকারের সময় তাপসীর বোন শশ্বন পানু উপস্থিত ছিলেন। শশ্বন জানান যে কীভাবে তিনি তাঁর বোন তাপসীর বিয়ের অনুষ্ঠানের দায়িত্ব পূরণের সামলেছেন। তিনি আরও জানান যে তাপসী বিয়ের সব পরিকল্পনা তাঁর ওপর ছেড়ে দিয়েছিলেন। তাপসীকে ‘ফির আই হাসিনা দিল্লিওবা’ সিনেমায় দেখা যাবে। নেটফ্লিক্সে শিগগিরই এই সিকুয়েল ছবি মুক্তি পাবে।

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে নাগেরকোয়েল ও ডিব্রুগড়- এর মধ্যে চালাবে



মালিগাঁও, ১০ এপ্রিল: যাত্রীদের অতিরিক্ত ভিড সামাল দিতে নাগেরকোয়েল জং.-ডিব্রুগড়-নাগেরকোয়েল জং.-এর মধ্যে দুটি পাক্ষিক গ্রীষ্মকালীন স্পেশাল ট্রেন চালাবেন সিদ্ধান্ত নেওয়া হয়েছে। গ্রীষ্মকালীন স্পেশাল ট্রেন নং. ০৬১০৩০৬১০৪ (নাগেরকোয়েল জং.-ডিব্রুগড়-নাগেরকোয়েল জং.) এবং ০৬১০৫০৬১০৬ (নাগেরকোয়েল জং.-ডিব্রুগড়-নাগেরকোয়েল জং.) উভয় দিকে একসাথে আট-আটটি ট্রিপের জন্য চলবে। এছাড়াও, রেলওয়ের পক্ষ থেকে শ্রী গঙ্গানগর - গুয়াহাটির মধ্যে একটি ট্রিপের জন্য ২১ এপ্রিল, ২০২৪ তারিখে একটি একমুখী স্পেশাল ট্রেন চালানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই ট্রেনগুলি দক্ষিণ ভারতের দিকে ভ্রমণের প্রয়োজন থাকা উত্তর-পূর্বাঞ্চল এবং উত্তরবঙ্গ অঞ্চলের ওয়েটিং লিস্টের যাত্রীদের সুবিধার জন্য চালানো হবে। ট্রেন নং. ০৬১০৩ (নাগেরকোয়েল জং.-ডিব্রুগড়) গ্রীষ্মকালীন স্পেশাল ১৯ এপ্রিল ও ০৬, ১৭ এবং ৩১ মে, ২০২৪ তারিখ শুক্রবারে নাগেরকোয়েল জং. থেকে ১৭ঃ৪৫ ঘট্টায় রওনা দিয়ে সোমবার ২০ঃ৫০ ঘট্টায় ডিব্রুগড় পৌঁছাবে। ফেরত যাত্রার সময়, ট্রেন নং. ০৬১০৬ (ডিব্রুগড়-নাগেরকোয়েল জং.) গ্রীষ্মকালীন স্পেশাল ২৪ এপ্রিল, ০৮, ২২ মে এবং ০৫ জুন, ২০২৪ তারিখ বুধবারে ডিব্রুগড় থেকে ১৯ঃ৫৫ ঘট্টায় রওনা দিয়ে শনিবার ২১ঃ৩০ ঘট্টায় নাগেরকোয়েল জং. পৌঁছবে।

এই ট্রেনগুলিতে যাত্রীদের জন্য এসি-২ টিয়ার, এসি-৩ টিয়ার, স্লিপার ক্লাস এবং জেনারেল সেকেন্ড-ক্লাস-এর ব্যবস্থা থাকবে। এই ট্রেনগুলি মরিয়নি জং., ডিমাপুর, লামডিং জং., গোয়ালপাড়া টাউন, কোকরাঝাট, নিউ কোচবিহার, নিউ জলপাইগুড়ি, মালদা টাউন, বর্ধমান জং., খড়গপুর জং., ভুবনেশ্বর, ডিভিয়ানগরম জং., বিজয়ওয়াড়া জং., নেোলার, কোয়েম্বাটোর জং. এর্নাকুলাম টাউন এবং তিরুবনন্তপুরম সেন্ট্রাল ইত্যাদি হয়ে চালাচল করবে। অন্যদিকে, একমুখী স্পেশাল ট্রেন নং. ০৪৭১৭১ (শ্রী গঙ্গানগর-গুয়াহাটি) ২১ এপ্রিল, ২০২৪ (রবিবার) তারিখে শ্রী গঙ্গানগর থেকে ১৩.৫৫ ঘট্টায় রওনা দিয়ে ২৪ এপ্রিল, ২০২৪ (বুধবার) তারিখে ০৪.৫০ ঘট্টায় গুয়াহাটি পৌঁছবে। এই স্পেশাল ট্রেনটি শ্রী করণপুর, বিকানের, রতনগড়, জয়পুর, আগ্রা ক্যান্ট, লখনউ, গোরখপুর, মুজাফফরপুর, বেগুসরাই, কাটিহার, কিয়াণগঞ্জ, গোয়ালপাড়া টাউন এবং কামাখ্যা ইত্যাদি হয়ে চলবে। এই রুটে চলাচল যাত্রীরা এই গরমের সময় স্বাচ্ছন্দ্যে ভ্রমণের জন্য এই সুযোগ নিতে পারবেন। এই স্পেশাল ট্রেনগুলির বিশদ বিবরণ উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের সোশিয়াল মিডিয়া প্ল্যাটফর্মে অধিসূচিত করা হয়েছে। যাত্রার করার পূর্বে বিশদ বিবরণগুলি দেখে নেওয়ার জন্য যাত্রীদের অনুরোধ জানানো হচ্ছে।

গরমে কুল খবর, চালু হল সামার স্পেশ্যাল বন্দে ভারত, জেনে নিন বিশদে

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্ক : এপ্রিল মাসেই গরমে নাহেজাল সাধারণ মানুষ। আগামী দিনে প্রায় ৪০ ডিগ্রি পর্যন্ত তাপমাত্রা ছুঁতে পারে বলে পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দফতর। এই আবহে যাত্রীদের জন্য সুখবর নিয়ে এল ভারতীয় রেল। এবার সামার স্পেশ্যাল পরিষেবা দিতে চলেছে রেল। বন্দে ভারত এক্সপ্রেসে মিলছে এই গ্রীষ্মকালীন পরিষেবা। রেলমন্ত্রকের তরফে জানানো হয়েছে, যাত্রীদের চাহিয়ার কথা মাথায় রেখে সামার স্পেশ্যাল বন্দে ভারত এক্সপ্রেস ট্রেন চালানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সাধারণত, গরমের সময় ট্রেনের এসি কামরার টিকিটের চাহিদা থাকে তুঙ্গে। সেক্ষেত্র মাথায় রেখে এবার বন্দে ভারতে অতিরিক্ত কামরা সংযোজন করা হবে। যাতে বেশি সংখ্যক যাত্রী বিশেষ পরিষেবাটি পেতে পারেন। জানা গিয়েছে, ইতিমধ্যেই



বন্দে ভারতের একটি রুটে সামার স্পেশ্যাল ট্রেন চালু হয়েছে। রেলের তরফে জানানো হয়েছে, সবথেকে বেশি চাহিদা রয়েছে কোথায়, তা খতিয়ে

চোটের ত্রিমুখী লড়াই, স্ত্রী চেয়েছিল দ্বিতীয় সংস্করণ! খোলসা করলেন স্কাই

মুম্বই, ১০ এপ্রিলঃ ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ দিয়ে প্রতিযোগিতামূলক ক্রিকেটে প্রত্যাবর্তন হয়েছে সূর্যকুমার বাদবের। যদিও শুরুটা ভালো হয়নি। আইপিএলে শুরু থেকে পাওয়া যায়নি তাকো। গত ম্যাচে

মার্চে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে টি-টোয়েন্টি সিরিজও খেলেছিল ভারত। এরপর দক্ষিণ আফ্রিকা সফর। দুটি টি-টোয়েন্টি সিরিজেই নেতৃত্ব দেন সূর্যকুমার বাদব। দক্ষিণ আফ্রিকায় শেষ টি-টোয়েন্টিতে অনবদ্য সেঞ্চুরি ক্যাপ্টেন স্কাইয়ের।

হওয়ার দিকে ধাপে ধাপে এগতে হচ্ছিল। সেই ছোট ছোট পদক্ষেপেই আজ এই জায়গায় পৌঁছতে পেরেছি। দীর্ঘ সময় ক্রিকেটের বাইরে থাকা কঠিন। বিহাব প্রক্রিয়া এক কথায় সূর্যকুমার বাদবের কাছে বোরিং! বলছেন, “গত তিন-



দিল্লি ক্যাপিটালসের বিরুদ্ধে এ বারের আইপিএলে প্রথম ম্যাচ। দ্বিতীয় বলে শূন্য হাতেই ফেরেন সূর্য। চোট সারিয়ে ফেরার সময় একটি সময় প্রয়োজন। সেখানেই বোধ হয় সেই হারিয়ে ফেলেছিলেন স্কাই। বৃহস্পতিবার ঘরের মাঠে বম্বাল চ্যালেঞ্জার বেসালুকের বিরুদ্ধে ম্যাচ। তার আগে চোট নিয়ে বড় আপডেট সূর্যকুমার বাদবের। ওয়ান ডে বিশ্বকাপের পর ঘরের

যদিও সেই ম্যাচেই ফিফিথংয়ে চোট পান সূর্যকুমার বাদব। দীর্ঘদিন ধরে বিহাব চলছিল। তার চোট একটা নয়। বরং সূর্যই জানালেন, তিনটি চোট ভুগছিলেন। জুনে টি-টোয়েন্টি বিশ্বকাপও রয়েছে। এখন কি পুরোপুরি সুস্থ? বিশ্বের এক নম্বর টি-টোয়েন্টি ব্যাটার সূর্যকুমার বাদব বলছেন, “একসঙ্গে অনেকগুলো সমস্যা ছিল। স্পোর্টস হার্নিয়া, গোডািলি, ডান হাঁটুর চোট। ফিট


সাড়ে তিন মাস কেমন কেটেছে, বোঝানো কঠিন। বিশেষ করে প্রথম দিকের দিনগুলো। একই কঠিন কল্যাণ করা খুবই কঠিন। বড় বোরিং ছিল। আরও কয়েক সপ্তাহ পেরোতে উপলব্ধি করি, সেটা কতটা জরুরি ছিল। স্ত্রী এবং এনসিএ-তে যাবের সঙ্গেই কথা হত, ওরা শুধু একটা কথাই মনে করিয়ে দিয়েছে, আমার দ্বিতীয় সংস্করণ হতে হবে।”

বিরাটের বিরুদ্ধে একটা লবি কাজ করছে, বিস্ফোরক কোহলির কোচ

দুরন্ত বার্তা প্রতিবেদন

বিরাট কোহলি কি স্বার্থপর? কদিন আগে টুইটার ট্রেন্ডিংয়ে ছিল এই টপিকা সেখানে বলা হচ্ছিল, সেঞ্চুরি করার জন্য স্বার্থপর হয়ে উঠেছেন বিরাট। রাজস্থান রয়্যালসের বিরুদ্ধে ৬৭ বলে সেঞ্চুরি করলেন বিরাট। টিম জেতেনি তাতে। আরসিবির হারের পিছনে মন্তর সেঞ্চুরি কতটা দায়ী, তা নিয়ে কথা উঠছিল। আইপিএলের ইতিহাসে এর আগে ৬৭ বলে সেঞ্চুরি করছেন মনীশ পাণ্ডে। তাকেই ছুঁয়েছেন বিরাট। যা

নিয়ে ঝড় উঠে গিয়েছে। টি-টোয়েন্টি বিশ্বকাপের আগে স্ট্রাইক রেট কার কতটা ভালো, কে নিজেকে উন্নত করেছেন, এ সব নিয়েই চলছে চর্চা। তার মাঝেই অনেকেই বিরাট কোহলির স্ট্রাইক রেট নিয়ে কথা বলার শুরু করে দিয়েছেন। বিরাটের বিশ্বকাপ টিমে জায়গা পাওয়া নিয়ে প্রশ্ন করছেন কেউ কেউ। বিরাটের বিরুদ্ধে ‘লবি’ চলছে বলেও দাবি হচ্ছে। তাই ছেলেবেলার কোচ। রাজকুমার শর্মা ছেলেবেলার কোচ বিরাটের। আজকের বিরাটের পিছনে রয়েছে দিল্লির কোচের রয়েছে অনেক



অবদান। সেই রাজকুমার ইন্ডিয়া নিউজকে দেখাও ইন্টারভিউতে বলে দিচ্ছেন, “একটা লবি বিরাটের বিরুদ্ধে কাজ করছে। যারা

ধোনি কেন তড়িঘড়ি টেস্ট থেকে অবসর নিয়েছিলেন, ফাঁস করলেন স্ত্রী সান্ধী

দুরন্ত বার্তা প্রতিবেদন

সবাইকে অবাক করে দিয়ে টেস্ট থেকে তড়িঘড়ি অবসর নিয়ে নেন এমএস ধোনি। সেইসময় বিশেষজ্ঞদের একটা অংশ বলতে শুরু করেছিলেন, কেনই বা এত তাড়া ছিল! ২০১৪ সালে টেস্ট থেকে অবসর নেন মাছি। তারপর কেউ গিয়েছে দশবছর। সোশ্যাল মিডিয়ায় ছোট্ট এক বার্তায় ধোনি জানিয়ে দেন তাঁর ওই অবসরের কথা। ধোনির অবসরের রহস্য ফাঁস করেছেন স্ত্রী সান্ধী। ভারতের বিশ্বকাপজয়ী অধিনায়কের স্ত্রীর একটি ভিডিও সম্প্রতি সাড়া ফেলেছে। সেই ভিডিওতে সান্ধী জানিয়েছেন, “ধোনি যে টেস্ট

সেইসময় বিশ্বকাপ খেলছিলেন অস্ট্রেলিয়ায়। মেয়ে হওয়ার খবর পেতেও তিনি জাতীয় দলের সঙ্গে ছিলেন। সেই অভিজ্ঞতা প্রসঙ্গে সান্ধী ওই ভিডিওতে বলেছেন, “হাসপাতালে অনেকেই আমাকে অবাক হয়ে জিজ্ঞাসা করেছিলেন, তোমার স্বামী আসেনি এ সময়ে? আমি বরং বলেছিলাম, এটা কোনও ব্যাপারই নয়। ক্রিকেট সবসময়ে ধোনির কাছে অগ্রাধিকার পায়। আমার কাছে ধোনি সবার আগে। তাই ও যে বিষয়কে অগ্রাধিকার বা গুরুত্ব দেয়, সেটাই আমার কাছে প্রাধান্য পেয়ে থাকে।” সান্ধী এখানেই না থামে আরও বলেন, “আবার অনেকে আমাকে এও জানান, ধোনির স্ত্রী



থেকে অবসর নেবে, সেটা আমি আগেই জানতাম। কারণ একদিন আমি ওঁকে বলেছিলাম, সন্তান হওয়ার পরে তাকে সময়ও দিতে হবে। তুমি একটা ফরম্যাট থেকে অবসর না নিলে সেটি পারবে না।” ২০১৫ সালে ধোনি ও সান্ধীর কন্যা সন্তান জিভা জন্ম নেয়। ধোনি

হওয়ার পরে অনেককিছু আমাকে ত্যাগ করতে হয়েছে। এ কথাও আমি কোনওদিন গুরুত্ব দিইনি। কারণ আমার কাছে এগুলো কোনও বিষয়ই নয়। এসব আত্মত্যাগ নয়, বরং বলব ভালবাসা ও পারস্পরিক বোঝাপড়া।”

বোর্ডের ডাকা আইপিলের বৈঠক স্থগিত! কতজন খেলোয়াড় ধরে রাখতে পারবে, সেই নিয়েই দ্বিমত

মুম্বই, ১০ এপ্রিলঃ বোর্ডের ডাকা আইপিএলের বৈঠক স্থগিত হয়ে গিয়েছে। বৈঠক হওয়ার কথা ছিল আদ্যাবাদে ১৬ এপ্রিল। বিসিসিআই ইতিমধ্যেই দশ দলের ফ্র্যাঞ্চাইজিকে চিঠি দিয়ে এই বিষয়টি জানিয়ে দিয়েছে। বোর্ড অবশ্য প্রচারমাধ্যমকে এই বিষয়ে কিছু জানাননি। কিন্তু এও ঠিক, ফ্র্যাঞ্চাইজিতে কতজন ক্রিকেটার ধরে রাখতে পারবে, সেটি নিয়েই দ্বিমত চলছে। কেউ চাইছেন দলে পাঁচজন ক্রিকেটার ধরে রাখতেই হবে। কোনও দল চাইছে সংখ্যাটি আরও বাড়াতো দ্বিতীয়ত যে বিষয়গুলি নিয়ে সমস্যা রয়েছে, সেটি হল, নিলামে রাইট টু ম্যাচ কার্ড ব্যবহার করে ক্রিকেটার ধরে রাখার সুযোগ বাড়ানো হবে কিনা। শুধু তাই নয়, খেলোয়াড়দের বেতন কাটানো কী হবে, সেটি নিয়েও আলোচনা হওয়ার কথা ছিল। আইপিএলের নিলামে দেখা যায়, ২০ লাখ বেসপ্রাইজ বাড়তে বাড়তে চার কোটিতেও রফা হয়। সেই নিয়ে বৈঠকে আলোচনা হবে বলে জানা যায়। তবে বৈঠক স্থগিত হওয়ার বিষয়টি সামনে আসতে কবে আবার ফ্র্যাঞ্চাইজি কর্তারা মিলিত হবেন, সেই নিয়েও জল্পনা শুরু হল। এই বৈঠকে শাহরুখ খান, প্রীতি জিন্দাদের মতো ফ্র্যাঞ্চাইজি

মালিকদের পাশে দেখা যেত সৌরভ গঙ্গোপাধ্যায়, গৌতম গম্ভীরদেরও। তাঁরাও সভা আলো করে থাকতেন। বিসিসিআই পরবর্তী সভার দিন যাবানি। এই প্রসঙ্গে সংবাদমাধ্যকে বোর্ডের এক সূত্র বলেছেন, “আপাতত বিষয়গুলো খুব প্রাথমিক পর্যায়ে রয়েছে। টুর্নামেন্ট এগিয়ে নিয়ে যাওয়ার জন্য বোর্ড সুপারিশ চাইছে। তার মধ্যে ক্রিকেটার রিটেন করার বিষয়টি নিয়ে বেশি আলোচনা চলছে। বেশিরভাগ ফ্র্যাঞ্চাইজি অর্জজন ক্রিকেটারকে ধরে রাখার পক্ষে।” গত বারের আইপিএলের মেগা নিলামের আগে প্রতিটি ফ্র্যাঞ্চাইজি চার জন করে ক্রিকেটারদের রিটেন করতে পেরেছিল। এবং



একজন ক্রিকেটারের জন্য ‘রাইট টু ম্যাচ’ কার্ড ব্যবহার করতে পেরেছিল। সেক্ষেত্রে মোট ৫ জন ক্রিকেটারকে এর আগে ধরে রাখতে পারত ফ্র্যাঞ্চাইজিগুলো। যার মধ্যে সর্বাধিক ২ জন বিদেশি ক্রিকেটারদের ধরে রাখার সুযোগ ছিল টিমগুলো। সুত্রের ধর অনুযায়ী, ফ্র্যাঞ্চাইজিগুলো বার বার তাদের কোর টিম ভেঙে ফেলতে চাইছে না। যে কারণে ফ্র্যাঞ্চাইজিগুলোর লক্ষ্য টিমের বেশি ক্রিকেটারদের ধরে রাখা। আবার এই সিদ্ধান্তের অনেকে আপত্তিও জানিয়েছে।

সৌদি লিগে রেফারির সঙ্গে বিতণ্ডা, দুই ম্যাচ সাসপেন্ড রোনাল্ডো

রিয়াধ, ১০ এপ্রিলঃ বড় শক্তি পেলেন ক্রিস্টিয়ানো রোনাল্ডো। লাল কার্ড দেখানোয় রেফারির সঙ্গে ঝগড়াও করেন সিআর সেনেনো। ফলে ২ ম্যাচের জন্য নিষিদ্ধ করা হয়েছে আল নাসরের পূর্বাগিছ তারকাকে। সেই সঙ্গে বড় জরিমানাও করা হয়েছে তাঁকে। সৌদি সুপার কাপের সেমিফাইনালে আল হিলালের বিরুদ্ধে খেলতে নেমেছিল আল নাসের। ১-২ গোলে পিছিয়ে ছিল রোনাল্ডোদের

তাকো শান্ত করেন। এক ভিডিওতে দেখা যায় রেফারির দিকে মুষ্টিবদ্ধ হাত তুলে কী যেন দেখাচ্ছেন রোনাল্ডো। তিনি মাঠ ছেড়ে বেরিয়ে যান। ২-১ গোলে আল নাসেরকে হারিয়ে ফাইনালে ওঠে আল হিলাল। ম্যাচ রেফারি যে রিপোর্ট জমা দেন, তার উপর ভিত্তি করে তাকে দুই ম্যাচ নিষিদ্ধ করা হয়েছে। সঙ্গে আর্থিক জরিমানাও গুণতে হচ্ছে। সৌদি সুপার কাপ থেকে ছিটকে গেছে আল নাসের।



চোটের জন্য মন্টে কার্লো থেকে নাম প্রত্যাহার করলেন আলকরাজ


মাদ্রিদ, ১০ এপ্রিলঃ মন্টে কার্লো মাস্টার্স ওপেন থেকে নাম প্রত্যাহার করে নিলেন বিশ্বের তিন নম্বর টেনিস খেলোয়াড় কার্লোস আলকরাজ। চোট পুরোপুরি ঠিক না হওয়ায় এর আগে তার প্রত্যাহার করে নিয়েছিলেন রাফায়েল নাদাল। বিশ্বের দুই অন্যতম সেরা খেলোয়াড় সেরে সড়ানোয় আকর্ষণ কমল মন্টে কার্লো মাস্টার্সে। ডান হাতে চোট রয়েছে আলকরাজের। তাই বুকি নিতে চাননি দুটি গ্র্যান্ড স্ল্যামজয়ী। নাম প্রত্যাহারের সিদ্ধান্ত জানিয়ে আলকরাজ সমাজমাধ্যমে লিখেছেন, “মন্টে কার্লোর জন্য ভালই প্রস্তুতি নিছিলাম। ডান হাতের পেশির চোট সারানোর জন্য শেষ সময় পর্যন্ত চেষ্টা করছি। নানা চেষ্টা সত্ত্বেও নির্দিষ্ট সময়ের মধ্যে চোট পুরোপুরি ঠিক হয়নি। এই পরিস্থিতিতে আমার পক্ষে প্রতিযোগিতায় খেলা সম্ভব হচ্ছে না।” স্পেনের এক নম্বর টেনিস খেলোয়াড় আরও বলেছেন, “মন্টে কার্লো ওপেনের দিকে অনেক আশা নিয়ে তাকিয়ে ছিলো। কিন্তু কিছু করার নেই। আগামী বছর অবশ্যই মন্টে কার্লো মাস্টার্স পেলব।” ২০ বছরের আলকরাজ ভাল ফর্মে ছিলেন। গত ১৮ মার্চ ইন্ডিয়ান ওয়েলস মাস্টার্সের ফাইনালে দানিল মেদভেদেভকে ৭-৬ (৭-৫), ৬-১ ব্যবধানে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছেন। ফরাসি ওপেনের আগেও ফ্রান্সে ফ্রেংকো মন্টে কার্লো মাস্টার্স খেলতে না পারায় হতাশা আলকরাজ। ফরাসি ওপেনের আগে অবশ্য বার্সেলোনা ওপেন এবং মাদ্রিদ ওপেন খেলার সুযোগ পাবেন তিনি। উল্লেখ্য, গত বছরও চোটের জন্য এই প্রতিযোগিতায় খেলা হয়নি তাঁর।

পাগলাটে-রুদ্ধশ্বাস লড়াইয়ে রিয়াল মাদ্রিদ-ম্যান সিটির ড্র

রিয়াল মাদ্রিদ - ৩
ম্যানচেস্টার সিটি - ৩

মাদ্রিদ, ১০ এপ্রিলঃ পাগলাটে, অবিশ্বাস, রোমাঞ্চকর! রিয়াল মাদ্রিদ-ম্যানচেস্টার সিটি ম্যাচের উত্তেজনাতে বোধহয় এই শব্দগুলোও ঠিকঠাক বোঝাতে পারছে না। চ্যাম্পিয়নস লিগের কোয়ার্টার ফাইনালের প্রথম লেগে যা ঘটেছে, ফুটবলে রোমাণ্টিকদের

সিলাভা। ২৫ গজ দূর থেকে বাঁ পায়ে বুদ্ধিদীপ্ত এক শটে বল জালে জড়ান এ পর্তুগিজ মিডফিল্ডার। বার্নাব্যুকে স্তব্ধ করে শুরু করা ম্যাচে ৭ মিনিটেই মাথায় ব্যবধান দ্বিগুণ করতে পারত সিটি। যদিও কালকাছি গিয়ে সামান্যের জন্য গোল পাওয়া হয়নি হালান্ত-ঝোড়নদের। শুরুতে গোল খোয়ে ফোভেনে জালুতে সমতায় ফেরার পর সিটিকে দুর্দান্ত এক গোলে কবনে দিয়াজের পায়ে লেগে দিক বদলে জড়ায় জালে। পাগলাটে ম্যাচে দুর্দান্ত এক প্রতি-আক্রমণ থেকে দুই মিনিট পর রিয়ালকে এগিয়ে দেন রক্তিশো। ভিনিসিয়ুসের কাছ থেকে নিজ অর্ধে বল পেয়ে দারুণ রানিয়ে প্রতিপক্ষ বজ্জ তুরে পড়েন ব্রাজিলিয়ান তারকা। তার আলতো করে বাড়ানো বল ম্যানুয়াল আকাঞ্জির পায়ে লেগে ফের দিক বদলে জালে জড়ালে ২-১ ব্যবধানে এগিয়ে যায় রিয়াল। প্রথম ১৪ মিনিটের পাগলাটে ঝড়ের পর দুই দলই চেষ্টা করে তাক্রামণ শাখা এবং জ্যাক গ্রিলিশকে ফাউল করে হলুদ কার্ড দেখেন অরলিয়ের চুয়েমেনি। আর সেই ফাউল থেকে পাওয়া ফ্রি কিকেই বাজিমাত করেন বের্নার্দো



ছিল যথেষ্ট পরিণত। এরপর ম্যাচ ব্যতী সামনে এগিয়েছে আক্রমণ ও পালাটা আক্রমণের ধারা বার্নাব্যুর সবুজ দিগন্তে সৌন্দর্যের আভা ছড়িয়েছে। সুযোগ এ সময় কবনৈশি দুই দলের সামনেই এসেছে, যদিও সেগুলো গোলে রূপান্তরিত হয়নি। শেষ পর্যন্ত এগিয়ে থেকেই বিরতিতে যায় রিয়াল। বিরতির পর আক্রমণের ধার বাড়ায় সিটি। কয়েকবার রিয়ালের রক্ষণে হানাও দেয় তারা। যদিও আসেনি কাল্কিত্ত গোলাটি। এর মধ্যে অবশ্য সিটি ডিফেন্সের ভুলে বল পেয়ে তৃতীয় গোলাটা প্রায় পেয়েই গিয়েছিল রিয়াল। তবে বেলিংহামের শট যায় পোস্টের বাইরে দিয়ে। ৫৬ মিনিটে দারুণ এক সুযোগ পেয়েও কাজে লাগাতে পারেননি ভিনি। এরপর ক্রত কয়েকবার আক্রমণে যায় সিটি। কিন্তু মেলেনি সমতা সূচক গোলাটি। তবে কয়েক দফায় ব্যর্থ হওয়ার পর শেষ পর্যন্ত ৬৬ মিনিটে দেখা মেলে ফোভেনে-জালুর। বজ্জের বাইরে থেকে তার ট্রেডমার্ক শটটি থামানোর কোনও উপায় ছিল না। রিয়াল গোলরক্ষক আন্দ্রি লুনিনের। ৭১ মিনিটে ফোভেনের সেই গোলাটিই বেন আরেকবার ফিরিয়ে আনেন গাভারদিগল। অসাধারণ এক শটে বার্নাব্যুকে শোকে ভাগিয়ে সিটিকে এগিয়ে দেন এ ক্রোয়াটি ডিফেন্ডার। রিয়াল অবশ্য এরপরও হাল ছাড়েনি। ম্যাচের ৭৯ মিনিটে ভিনিসিয়ুসের মাপা ক্রসে দুর্দান্ত ভঙ্গিতে বল জালে জড়িয়ে রিয়ালকে ফের ম্যাচে ফেরান ভালভের্দে। এরপর উভয়ই চেষ্টা করেছে জয় নিয়ে মাঠ ছাড়তে। কিন্তু শেষ পর্যন্ত চতুর্থ গোলের দেখা পাননি কোনও দল। এরপরও পেপ গার্সিগল হযতো এ ড্রয়েই সন্তি খুঁজে নেবেন। পরের লেগের ম্যাচটি যে তাঁদেরই মাঠে। ১৭ এপ্রিল রাতে সেই ম্যাচে রিয়ালকে অতিথ্য দেবে সিটি। যে ম্যাচে আত্মবিশ্বাসী খাকার কথা আগেই জানিয়ে রেখেছেন গার্সিগল।

আর্সেনাল-বার্নার্ন রোমাঞ্চকর ড্র

আর্সেনাল ২ - ২ বার্নার্ন মিউনিখ



লন্ডন, ১০ এপ্রিলঃ চ্যাম্পিয়নস লিগের শেষ আটে আর্সেনাল-বার্নার্ন মিউনিখ ম্যাচে সবার চোখ ছিল হ্যারি কানেইনের ওপর। এটা যে ইংলিশ স্ট্রাইকারের লন্ডন ফেরার ম্যাচ ছিল। ঘরে ফেরার রাতে কেইন গোল পেলেও, শেষ পর্যন্ত জয় নিয়ে ফেরা হয়নি। উত্থান-পতনের রোমাঞ্চকর লড়াইয়ে ২-২ সমতাতে মাঠ ছেড়েছে আর্সেনাল ও বার্নার্ন। ঘরের মাঠ এমিরেটসে শুরু থেকেই জমে

উঠে আর্সেনাল-বার্নার্ন রৈবহ। মার্চের পারফরম্যান্সে অবশ্য আর্সেনালই দাপট দেখিয়েছে বেশি। যদিও তা শেষ পর্যন্ত বার্নার্নকে হারানোর জন্য যথেষ্ট ছিল না। উল্টো সুযোগ মিস করার খেসারত দিয়ে লম্বা সময় পর্যন্ত ম্যাচ পিছিয়ে থেকে হারের শঙ্কাতও ছিল আর্সেনাল। শেষ পর্যন্ত হার এড়ালেও, অসুস্থি থেকে গোল মিকেল আরবেরতার দলের। পরের ম্যাচটা যে তাদের বার্নার্নের মাঠে আলিয়েঞ্জ অ্যারেনায় খেলতে হবে। এ ম্যাচ শেষে আর্সেনাল শিরিরে অসুস্থির সঙ্গে অবশ্য যুক্ত হয়েছে ভেঙে। ম্যাচের শেষের দিকে বার্নার্ন গোলরক্ষক ম্যানুয়াল নয়্যার বুকায়ো সাকাকে ফেলে দিলে পেনাল্টির জোরাল আবেদন করে আর্সেনাল। যদিও তাতে সাড়া না দিয়ে শেষ বাঁশি বাজান রেফারি। যা নিয়ে মাঠেই স্ফোভ প্রকাশ করতে দেখা গেছে আর্সেনাল খেলোয়াড়দের। যদিও তাতে কোনও লাভ হয়নি। পেনাল্টি নিয়ে আর্সেনালের হতাশার রাতটি শেষ হয়েছে ২-২ ড্রয়ে। কেইনের প্রত্যাবর্তনের রাতে অনুমেয়ভাবেই দাপুটে শুরু করে আর্সেনাল। দারুণ ছন্দে থাকা গানারদের আক্রমণের তোপে কিছুটা কোণঠাসা হয়ে পড়ে বার্নার্ন। অতিথিদের চাপে রেখে ১২ মিনিটে আর্সেনালকে এগিয়ে দেন সাকা। বজ্জের ভেতর বল পেয়ে বাঁ পায়ের বাকানো নিচু শটে গোল করেন ইংলিশ উইঙ্গার। গোল খোয়ে যেন ঘুম ভাঙে বার্নার্নের। ১৮ মিনিটে সুযোগ কাজে লাগিয়ে ম্যাচে সমতাও ফিরিয়ে আনে তারা। অসাধারণ ফিনিশিংয়ে লক্ষ্যভেদ করেন সের্হে নাত্রি। এই গোলের সুযোগ তৈরিতে অবশ্য আর্সেনালের নিজেদের ভুলও কম ছিল না। এরপর ঘরের মাঠে আর্সেনাল সমর্থকদের দ্বিতীয়বার হুসয় ভাঙে ২৯ মিনিটে। বজ্জের ভেতর লেরয় সানেকে ফাউল করে উইলিয়াম সালিবো ফেলে দিলে এ পেনাল্টি পায় বার্নার্ন। আর্সেনাল গোলরক্ষক আগেই জায়গা ছাড়লে আলতো শটে বল জালে জড়ান কেইন। পিছিয়ে পড়ার পর খেলি হারায় আর্সেনাল। আক্রমণ ও বলের দখলে অবশ্য আর্সেনালই এগিয়ে ছিল, কিন্তু তাদের আক্রমণগুলো ম্যাচ ফেরার জন্য মোটেই যথেষ্ট ছিল না। ঘরের মাঠে পিছিয়ে থেকেই বিরতিতে যায় প্রিমিয়ার লিগে শীর্ষে থাকা দলটি। বিরতির পরও দাপট ছিল আর্সেনালের। ম্যাচে ফেরার জন্য জোর চেষ্টা চালায় তারা। বার্নার্নও চেষ্টা করে পালাটা আক্রমণ থেকে ব্যবধান বাড়িয়ে ম্যাচকে নিরাপদে নিয়ে নেয়। তবে এই লক্ষ্যে বার্নার্ন সফল না হলেও, আর্সেনাল ঠিকই কাল্কিত্ত সমতাসূচক গোলাটি পেয়ে যায়। দুর্দান্ত এক দলগত আক্রমণ থেকে গোল করেন লোমারো ট্রোসার্ট। এই গোলই শেষ পর্যন্ত হার থেকে বাঁচায় আর্সেনালকে। এখন বার্নার্নের মাঠ থেকে দ্বিতীয় লেগে জয় নিয়ে ফিরতে পারে কি না সেটিই দেখার অপেক্ষা।

প্রকাশিত

সুচিকিংসা

২৬ বর্ষ • পঞ্চম সংখ্যা • ১ এপ্রিল ২০২৪

সুস্বাদু আহারে শরীর ফিট

- সচেতনতা অবলম্বন করে ক্রমিক কিডনি ডিজিজ থেকে দূরে থাকা সম্ভব
- ডায়াবেটিক নেফ্রোপ্যাথি ডায়াবেটিকদের কিডনির সমস্যা
- সফলতালান্তের পথে দরকার সার্থক ও কার্যকরী জীবন পরিচালনা
- হার্ট রিলেগসমেন্টের কিছু সত্য ধারণা
- ইন্টারভেনশনাল কার্ডিওলজি
- সুস্বাদু ওয়েস্টার্ন মাছ
- সর্বোচ্চ প্রোটিন পাওয়া যাবে মাছের

সুচিকিংসা এখন অনলাইনে পড়তে পারেন কোডটি স্ক্যান করুন